



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

রবিবার

বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫৭ ॥ রেজি:নং– কেএন ২৮৯ ॥ ০৪ আষাঢ় ১৪৩০ ॥ ২৮ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা

১৮ জুন ২০২৩







## জেনেভা থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৪ ও ১৫ জুন অনুষ্ঠিত ‘ওয়ার্ল্ড অব ওয়ার্ক সামিট : সোশ্যাল জাস্টিস ফর অল’-এ যোগদান শেষে আজ সুইজারল্যান্ডের জেনেভা থেকে দেশে ফিরেছেন।

প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট রাত ১টা ৫৫ মিনিটে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

ফ্লাইটটি এর আগে জেনেভা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সকাল ১১.৫০ মিনিটে (বাংলাদেশ সময় বিকেল ৩ টা ৫০ মিনিট) যাত্রা ২-এর পাতায় দেখুন

## ভিসা নীতি আমরাও করতে পারি, অপেক্ষায় থাকুন

**নিজস্ব প্রতিবেদক :** যুক্তরাষ্ট্রের ভিসা নীতিতে কিছু এসে যায় না মন্তব্য করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, এ ধরনের নীতি বাংলাদেশেরও থাকতে পারে।

গাজীপুরের টঙ্গীতে শনিবার বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) প্রকল্পের ২-এর পাতায় দেখুন



## তত্ত্বাবধায়ক সরকারের দাবি মাঠে মারা গেছে

**নিজস্ব প্রতিবেদক :** তথ্য ও সম্প্রচারমন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, ?‘বিএনপির তত্ত্বাবধায়ক সরকারের দাবি যে মাঠে মারা গেছে সেই বাস্তবতা মেনে নিয়ে আগামী নির্বাচনে ২-এর পাতায় দেখুন



## রেল যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সরকার বাজেটে পর্যাপ্ত বরাদ্দ দিয়েছে

**নিজস্ব প্রতিবেদক :** রেল মন্ত্রী নুরুল ইসলাম সুজন বলেছেন, বর্তমান সরকার একটি আধুনিক, জনবান্ধব রেল যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাজেটে পর্যাপ্ত বরাদ্দ দিয়েছে। প্রস্তাবিত বাজেট বাস্তবায়নের মাধ্যমে অন্যান্য খাতের মতো রেল ২-এর পাতায় দেখুন






# শতাব্দীর সবচেয়ে বড় জয়ের রেকর্ড গড়লো টাইগাররা

**নিজস্ব প্রতিবেদক :** সফরকারী আফগানিস্তানকে একমাত্র টেস্টে ৫৪৬ বিধ্বস্ত করে ক্রিকেটে এই শতাব্দীর সবচেয়ে বড় জয় পেয়েছে বাংলাদেশ ক্রিকেট দল।

নিজেদের টেস্ট ইতিহাসে রান হিসেবে এটিই সবচেয়ে বড় জয় বাংলাদেশের। এর আগে ২০০৫ সালে চট্টগ্রামে জিম্বাবুয়ের বিপক্ষে ২২৬ রানে জিতেছিলো টাইগাররা।

সব মিলিয়ে টেস্ট ইতিহাসে রান বিবেচনায় তৃতীয় বড় জয়ের নজির গড়লো বাংলাদেশ। তবে এই শতাব্দীর বড় জয়। টেস্ট ইতিহাসে প্রথম দু’টি বড় জয় ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার। ১৯২৮ সালে ব্রিজবেনে ইংল্যান্ড ৬৭৫ রানে অস্ট্রেলিয়াকে এবং ১৯৩৪ সালে ওভালে অস্ট্রেলিয়া ৫৬২ রানে হারিয়েছিলো ইংল্যান্ডকে।

মিরপুর শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে ৬৬২ রানের টার্গেটে তৃতীয় দিন শেষে ২ উইকেটে ৪৫ রান করেছিলো আফগানিস্তান। ৮ উইকেট হাতে নিয়ে আরও ৬১৭ রান দরকার ছিলো আফগানদের।

গতকাল, চতুর্থ দিনে পেসার তাসকিন আহমেদের ক্যারিয়ার সেরা ৩৭ রানে ৪ উইকেট দখলের সুবাদে বাংলাদেশকে খুব বেশি ঘাম ঝড়াতে হয়নি। তৃতীয় ওভারে বাংলাদেশকে প্রথম সাফল্য এনে দেন পেসার এবাদত হোসেন। ৫ রান নিয়ে শুরু করে এবাদতের বলে উইকেটের পেছনে ক্যাচ দেন নাসির জামাল। ৬ রান করেন তিনি।

কিছুক্ষণ বাদে বাংলাদেশকে দ্বিতীয় উইকেট উপহার দেন পেসার শরিফুল ইসলাম। রহমত শাহর বিপক্ষে বাংলাদেশের ক্যাচ আউটের আবেদনে সাড়া দেন আম্পয়ার। কিন্তু রিভিউ নিয়ে নিজের উইকেট বাঁচান রহমত।

রহমতকে শিকার করতে না পারার দুঃখ দ্রুতই ভুলে যান শরিফুল। আফগানিস্তানের উইকেটরক্ষক আফসার জাজাইকে ৬ রানে বিদায় দেন তিনি। গালিতে ২-এর পাতায় দেখুন




## ইতিহাস গড়া জয়ের ম্যাচ সেরা নাজমুল শান্ত

**ক্রীড়া প্রতিবেদক :** চার বছর আগে বাংলাদেশ আফগানিস্তানের কাছে হেরে যাওয়াটা যে অঘটন ছিল, তা এবার বুঝিয়ে দিলো টাইগাররা। সেবার চট্টগ্রামে বাংলাদেশকে ২-এর পাতায় দেখুন

## শেখ হাসিনার ভালোবাসায় অভিভূত বিমানের যাত্রীরা

**নিজস্ব প্রতিবেদক :** বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি নিয়মিত বাণিজ্যিক ফ্লাইটে সাধারণ মানুষ বঙ্গবন্ধু কন্যার মহান হৃদয়, মমতা এবং ভালোবাসার এক অনন্য বৈশিষ্ট্য প্রত্যক্ষ করলেন। তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহযাত্রী হিসেবে ভ্রমণ করছিলেন।

সুইজারল্যান্ডের জেনেভা থেকে দেশে ফেরার পথে ফ্লাইটের যাত্রীরা বিস্মিত ও আনন্দিত হয়ে ওঠেন, যখন তারা দেখলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজেই তাদের সঙ্গে দেখা করছেন। তিনি একের পর এক তাদের আসনে আসছেন ২-এর পাতায় দেখুন





## হাসপাতাল ছেড়ে বাসায় খালেদা জিয়া

**নিজস্ব প্রতিবেদক :** হাসপাতালে চিকিৎসা শেষে বাসায় ফিরেছেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া। গতকাল শনিবার সন্ধ্যা ৭টা ৫১ মিনিটে গুলশানের বাসভবন ফিরোজায় পৌঁছান তিনি।

বিএনপির চেয়ারপারসনের মিডিয়া উইংয়ের সদস্য শায়রুল কবির খান জানান, ২-এর পাতায় দেখুন



## এখন তাসকিন-এবাদত-শরিফুলদের নেটে খেলতেও কষ্ট হয় : লিটন

**ক্রীড়া প্রতিবেদক :** এটাই টেস্টে বাংলাদেশের সবচেয়ে বড় ব্যবধানে জয়ের ম্যাচ। এর বাইরে এ ম্যাচে টিম বাংলাদেশের আরও একটি বড় সাফল্য আছে। সে সাফল্যর রূপকার পেসাররা। এই প্রথম এক টেস্টে ২০ উইকেটের ১৪ উইকেট শিকার করেছেন বাংলাদেশের তিন পেসার তাসকিন আহমেদ (৪টি), এবাদত হোসেন (৫টি) আর শরিফুল ইসলাম (৫টি)।

ইতিহাস জানাচ্ছে, এর আগে এক টেস্টে বাংলাদেশের পেসাররা কখনই ১৪ উইকেট পাননি। এতকাল এক টেস্টে বাংলাদেশের পেসারদের সর্বাধিক ১৩ উইকেট শিকারের রেকর্ড ছিল।

সেটা ২০২২ সালের জানুয়ারিতে মাউন্ট ২-এর পাতায় দেখুন

## বারোবাজারে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে কলেজ ছাত্রকে পিটিয়ে জখম

**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারোবাজারে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে ঢাকা পুলিশ স্মৃতি কলেজের ছাত্র তৌফিক আহম্মেদ আলীকে পিটিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ পাওয়া গেছে।

শনিবার (১৭ জুন) বেলা ১২ টার সময় উপজেলার হাট বারোবাজার মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে এ ঘটনা ঘটে। মারপিটের শিকার কলেজছাত্র বারোবাজার হাইস্কুল পাড়ার মাসুদুর রহমানের ছেলে।

আহত কলেজ ছাত্র তৌফিকের বড় ভাই তাসরিক আহম্মেদ জানায়, কালীগঞ্জ উপজেলার ঠিকডাঙ্গা গ্রামের পটলের ছেলে ইয়াসিনসহ কয়েকজন মিলে আরেকটি ছেলেকে মারধর করছিল। এসময় আমার ছোট ভাই তৌফিক আহম্মেদ আলী তাদের বাধাঁ দেয় এবং মারামারি করতে নিষেধ করে। এতে ক্ষিপ্ত হয়ে ঠিকডাঙ্গা গ্রামের পটল, পটলের ছেলে ইয়াসিন, একই গ্রামের মৃত রউফের ছেলে যুবলীগনেতা জাহিদুল ইসলাম জাহিদ এবং কানকাটা মকবুল তাকে কিলঘুসি ও ইট দিয়ে মুখ সহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত করে। পরে আমরা টের পেয়ে তৌফিককে আহত অবস্থায় উদ্ধার করে প্রথমে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। এ সময় চিকিৎসক তাকে দেখে যশোর ২৫০ শয্যা হাসপাতালে রেফার্ড করেন। তৌফিকের মুখে কিলঘুসির আঘাতে ২ টা মাড়ি ভেঙে যাওয়া সহ শরীরের বিভিন্ন স্থানে ক্ষত হয়েছে।

বারোবাজার ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক জাহিদুল ইসলাম জাহিদ বলেন, আমি লোকের মুখে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কৃষক লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দের শ্রদ্ধা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে জাতীয় পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন কৃষক লীগের কেন্দ্রীয় সভাপতি সমীর চন্দ্রসহ নেতারা।

শনিবার সকালে শহরের প্রেরণা একাত্তর চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন। সেসময় আরও উপস্থিত ছিলেন কৃষক লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিপ্লব হোসেন, নাজমুল ইসলাম পানু, দপ্তর সম্পাদক রেজাউল করিম রেজা, বেসরকারী বিষয়ক সম্পাদক এ্যাড. মিরুল ইসলাম, পানি সেচ ও বিদ্যুৎ বিষয়ক সম্পাদক আশরাফুল ইসলাম স্বপন, সহ-দপ্তর সম্পাদক শাহাদত হোসেন শানু, কেন্দ্রীয় কৃষক লীগের উপদেষ্টা এ্যাড. আব্দুর রশিদ, ঝিনাইদহ পৌরসভার সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাবেক ধর্ম বিষয়ক সম্পাদক আনিছুর রহমান খোকা, ঝিনাইদহ জেলা কৃষক ২-এর পাতায় দেখুন





## ঝিনাইদহের গান্না ইউনিয়নে কৃষিজমি রক্ষা করতে কৃষকদের মানববন্ধন

**এম.মাসুম আজাদ :** ঝিনাইদহ সদর উপজেলা গান্না ইউনিয়নে কৃষিজমি রক্ষা করতে কৃষকদের মানববন্ধন করা হয়েছে। শনিবার আলামপুর মৌজার সাইনকেদার মাঠে এ মানব বন্ধন করে। আলামপুর মৌজার সাইনকেদার মাঠের মাঝে পুকুর খননের কারণে কয়েকশত বিঘা ফসলি জমি প্লাবিত হয়ে আবাদের অযোগ্য হয়ে পড়েছে। মৃত খোকন বাবুর ছেলে লিটনের কৃষিজমির মাঝখানে পুকুর খননের কারণে আশেপাশের ২-এর পাতায় দেখুন

## সাংবাদিক নাদিম হত্যাকান্ডে জড়িতদের বিচারের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন ও বিক্ষোভ

**নিজস্ব প্রতিবেদক :** জামালপুরের বাংলানিউজ টোয়েন্টিফোর.কম ও ৭১ টেলিভিশনের সাংবাদিক গোলাম রব্বানী নাদিম হত্যার প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার দুপুরে শহরের পোস্ট অফিস মোড়ে এ মানববন্ধন কর্মসূচির আয়োজন করে ঝিনাইদহ প্রেসক্লাব ও টেলিভিশন সাংবাদিক ফোরাম। ঘন্টাব্যাপী মানববন্ধন কর্মসূচিতে ঝিনাইদহ জেলায় কর্মরত সকল সাংবাদিকবৃন্দ ও সুশীল সমাজের প্রতিনিধিরা ব্যানার, ফেস্টুন নিয়ে অংশ নেয়।




মানববন্ধন ও বিক্ষোভ

২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে ‘স্মার্ট কর্ণার’ উদ্বোধন

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়ক কবির বিন আনোয়ার (সাবেক মন্ত্রী পরিষদ সচিব) চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে ‘স্মার্ট কর্ণার” উদ্বোধন করেছেন। নির্বাচন পরিচালনা ২-এর পাতায় দেখুন

## ইবনে সিনা ট্রাস্ট ও গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিঃ এর মধ্যে কর্পোরেট চুক্তি স্বাক্ষরিত

**নিজস্ব প্রতিবেদক :** ইবনে সিনা ট্রাস্ট ও গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেডের মধ্যে কর্পোরেট চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এ চুক্তির ফলে চুক্তি অনুযায়ী গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেডের সকল গ্রাহক, প্রশাসনিক ও উন্নয়ন কর্মকর্তা /কর্মচারী ও তাদের ডিপেন্ডেন্টগণ ইবনে সিনার সকল শাখা থেকে মেডিকেল সার্ভিসেস গ্রহণে বিশেষ ডিসকাউন্ট সুবিধা পাবেন। গত ১৬ জুন’২৩ ইং শুক্রবার সকাল ১১ টার সময় ঢাকাস্থ ইবনে সিনা ভবনের কনফারেন্স হলে অনুষ্ঠিত দ্বিপাক্ষিক কর্পোরেট চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ইবনে সিনা ট্রাস্টের পক্ষে এ. এন. এম. তাজুল ইসলাম , অতিরিক্ত পরিচালক ও হেড অব বিজনেস ডেভেলপমেন্ট এবং গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেডের পক্ষে মুখ্য নির্বাহী কর্মকর্তা আমজাদ হোসেন খান চৌধুরী উপস্থিত থেকে চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন গোল্ডেন ২-এর পাতায় দেখুন






চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা”
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার
অন্যতম প্রতিষ্ঠাতা
জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, Hello Today
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ
দৈনিক গড়ব বাংলাদেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন




## স্বাধীনতা থেকেই সকল নির্বাচনে আন্তর্জাতিক চাপ ও ষড়যন্ত্র ছিলো : কবীর বিন আনোয়ার

**পাভেল মাহমুদ, মেহেরপুরঃ** আন্তর্জাতিক চাপ রয়েছে, নির্বাচনকালীন সরকার না তত্বাধায়ক সরকার বুঝি না, আগামী সংসদ নির্বাচন হবে সংবিধান অনূযায়ী এমন দাবি করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজনৈতিক উপদেষ্টা ও আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়ক কবীর বিন আনোয়ার। শনিবার বেলা সাড়ে ১১টার দিকে আওয়ামী লীগের স্মার্ট কর্ণার লঞ্চিং উদ্বোধনকালে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথাগুলো বলেন। তিনি আরো বলেন, স্বাধীনতা ২-এর পাতায় দেখুন


বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি’র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

রবিবার ১৮ জুন ২০২৩

# মসলার দামে নাকাল ক্রেতা

**নিজস্ব প্রতিবেদক :** কোরবানির ঈদ ঘিরে পেঁয়াজ, আদা, রসুন, জিরা, হলুদ, মরিচ, দারুচিনি, এলাচ, লবঙ্গ, জয়ত্রিসহ মসলাজাতীয় সব পণ্যের চাহিদা তুঙ্গে। চাহিদার সঙ্গে পাল্লা দিয়ে বেড়েছে দামও। কয়েকটি মসলার দাম বেড়ে হয়েছে দ্বিগুণ। বাজারে এসব পণ্য কিনতে অস্বস্তিতে পড়ছে সাধারণ মানুষ। ডলার, এলসি সংকটের পাশাপাশি পাইকারি ব্যবসায়ীদের রয়েছে সিন্ডিকেট। খুচরায় লাগামহীন দাম রাখলেও বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা দুর্বল হওয়ায় ভুগতে হচ্ছে ক্রেতাদের। ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি) ও খোলাবাজারের তথ্য বলছে, অস্বাভাবিক হারে বেড়েছে আদার দাম। স্বাভাবিক সময়ের তুলনায় এখন বিক্রি হচ্ছে তিনগুণের বেশি দামে। গত বছরের এই সময়ে ৮০ থেকে ১০০ টাকার মধ্যে থাকা আদা এখন বিক্রি হচ্ছে ৩০০ থেকে ৪০০ টাকায়। একইভাবে গত বছর যেখানে পেঁয়াজের দাম ৩৫ থেকে ৪০ টাকা ছিল, তা এখন ৭০ থেকে ৮০ টাকায় বিক্রি হচ্ছে। বেড়েছে রসুনের দামও, গত বছরের ৬০ থেকে ৯০ টাকার দেশি রসুন এখন ১২০ থেকে ১৪০ টাকায় উঠেছে। এছাড়া বাজারে শুকনা মরিচ ও জিরার দাম হয়েছে দ্বিগুণ। তেজপাতা, হলুদ, গোলমরিচ, দারুচিনি, এলাচ, লবঙ্গ, জয়ত্রির দাম বেড়েছে



পাঁচ থেকে ২৫ শতাংশ। যদিও সংশ্লিষ্টরা বলছেন, ঈদ সামনে রেখে প্রচুর মসলা এসেছে দেশে। পাশাপাশি মসলা উৎপাদন বাড়াতে সরকারের উদ্যোগ রয়েছে। তারপরও প্রায় অর্ধেক মসলা আমদানি করতে হচ্ছে প্রতি বছর। সেজন্য এ খাতে দেশ থেকে বিদেশে চলে যাচ্ছে বিপুল বৈদেশিক মুদ্রা। তারপরেও ক্রেতার স্বস্তি মিলছে না এসব কিনতে গিয়ে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে, গত দুই বছরে দেশে পেঁয়াজের উৎপাদন বেড়েছে ১০ লাখ টনেরও বেশি। এবছর দেশে পেঁয়াজ উৎপাদন হয়েছে ৩৪ লাখ টনের বেশি। উৎপাদনের পরে উপযুক্ত সংরক্ষণের অভাবে বা প্রতিকূল পরিবেশের কারণে ৩০-৩৫ শতাংশ পেঁয়াজ নষ্ট হয়ে যায়। দেশে বছরে পেঁয়াজের চাহিদা ২৬ থেকে ২৮ লাখ টন। হিসাব করলে দেশের পেঁয়াজ দিয়ে চাহিদার প্রায় কাছাকাছি জোগান দেওয়া সম্ভব। কিন্তু বাস্তবতা হলো, সব সময় আমাদের পেঁয়াজের জন্যও নির্ভর করতে হতো ভারতের ওপর। গত কয়েকমাস পেঁয়াজের আমদানি বন্ধ থাকায় বাজারে পণ্যটির দাম ১০০ টাকা ছাড়িয়ে যায়। এরপর বাধ্য হয়ে পণ্যটি আমদানির বিধিনিষেধ তুলে নেয় কৃষি মন্ত্রণালয়। এখন ২-এর পাতায় দেখুন

## গাংনীতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানে বাঁধা, প্রধান শিক্ষককে প্রাণনাশের হুমকী, থানায় অভিযোগ

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার ঢেপা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানে বাঁধা ও প্রধান শিক্ষককে প্রাণ নাশের হুমকী দিয়ে কাজ বন্ধ করে দিয়েছে ঢেপা গ্রামের ইউনুস আলীর ছেলে রাকিবুল ইসলাম (কালু)। গত ১৪ জুন দুপুর ১২টার দিকে এঘটনা ঘটে। প্রধান শিক্ষক মিজানুর রহমান বলেন, ১৪ তারিখ দুপুরে কালু রামদা হাতে নিয়ে স্কুলে মধ্যে প্রবেশ করে প্রথমে কাজের লেবারদের কাজ বন্ধ করতে হুমকী দিয়ে বলেন ৯ ফিট স্কুলের জায়গা রাস্তার জন্য ফেলে রাখতে হবে। তা না হলে তোদের কুপিয়ে হত্যা করবো বলে কাজ বন্ধ করে দেয়। তিনি আরও বলেন, সরকারী নিয়ম অনুযায়ী দেড় থেকে দুই ফিট জায়গা ছাড়া ফেলে রাখার কোন সুযোগ নেই। এই কথা বলার সাথে সাথে আমাকে সহ অন্য শিক্ষকদের রামদা দিয়ে কুপিয়ে হত্যা করার হুমকী অব্যহাত রাখে। পরে আমি গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর অভিযোগ দিয়েছি। অভিযোগের ভিত্তিতে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন তদন্তপূর্বক অভিযুক্ত রাকিবুল ইসলাম (কালু) বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের ৩৪২ নং স্মারকের মাধ্যমে গাংনী থানা পুলিশকে ২-এর পাতায় দেখুন

# হরিণাকুন্ডুর বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভার ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের কমিটি গঠন

**মোঃ আবু সাইদ, হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুর বিভিন্ন ইউনিয়ন ও পৌরস-ভার ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের কমিটি গঠন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। হরিণাকুন্ডু উপজেলা ও পৌর স্বেচ্ছাসেবক দলের আয়োজনে শনিবার বিকালে উপজেলার বেল্টু মোড়ে এ সভা অনুষ্ঠিত হয়। হরিণাকুন্ডু উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক মোঃ শফিকুল ইসলাম স্বপনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বি.এন.পি এর সভাপতি



এ্যাড. এম.এ মজিদ। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা বি.এন.পির সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক ২-এর পাতায় দেখুন



## বামন্দী হাটের উন্নয়ন কাজের উদ্বোধন

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী হাটের উন্নয়ন কাজের উদ্বোধন করা হয়েছে। শনিবার সকাল ১০টার দিকে বামন্দী ইউনিয়ন পরিষদ উদ্বোধনের আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উন্নয়ন কাজের উদ্বোধন করেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি ছিলেন গাংনী ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় হতদরিদ্র ভ্যানচালকের মৃত্যুর পর পাশে দাঁড়ালেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান

**দামুড়হুদা প্রতিনিধি :** দামুড়হুদায় হতদরিদ্র ভ্যানচালকের মৃত্যুর পর পাশে দাঁড়ালেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু। হতদরিদ্র ভ্যানচালকের শাহজাহানের অকাল মৃত্যুতে এতিম অসহায় পরিবারের হাতে নগদ অর্থ ও জরাজীর্ণ ঘরের ছাউনির জন্য চার বান্ডিল টিন দেবার প্রতিশ্রুতি দেন। এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা শওকত আলী, মিয়াজান, এ ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে কর্মী সমাবেশ

**আলমডাঙ্গা প্রতিনিধি :** আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে কুলপালা স্কুল মাঠে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের সদস্য মোঃ আজাদুল ইসলাম, মোঃ হাফিজুল ইসলাম হাফি, মোঃ সাজেদুল ইসলাম লাভলু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাবেক খাদিমপুর ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি মাহাবুবুল ইসলাম টিটু, সার্বিক পরিচালনায় ছিলেন যুবলীগ নেতা সজল খন্দকার এবং সঞ্চালনা করেন মাসুদ রানা। শুভেচ্ছা বক্তব্য ২-এর পাতায় দেখুন

## জীবননগরে ভ্যানে চার্জ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে চালক নিহত

**ইমরান হোসেন :** চুয়াডাঙ্গার জীবননগরে ভ্যানে চার্জ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে এনামুল হোসেন (২২) নামে এক ভ্যান চালক নিহত হয়েছে। শুক্রবার দিবাগত রাতে জীবননগর পৌর এলাকার গোপালনগর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। এনামুল হোসেন জীবননগর পৌর এলাকার গোপালনগর গ্রামের মৃত শুকুর আলীর ছেলে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাসির উদ্দিন মৃধা জানান, এনামুল পেশায় একজন ভানচালক। রাতে চার্জার ভ্যানের ব্যাটারি চার্জ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়। এসময় বাড়ীর লোকজন ঠিক পাইনি। পরে পরিবারের লোকজন অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২-এর পাতায় দেখুন

# গাংনীবাসীর সেবায় নিজেকে বিলিয়ে দিতে চান : ডা. সাগর



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর-২ (গাংনী) আসনে পিছিয়ে পড়া ও অবহেলিত মানুষের সেবায় নিজেকে নিয়োজিত রাখাসহ গাংণীর সার্বিক উন্নয়নে নিজেকে বিলিয়ে দিতে চান বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন ও স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) কেন্দ্রীয় কমিটির অন্যতম নেতা ডা. এ. এস. এম. নাজমুল হক সাগর। বর্তমানে তিনি মুক্তিযোদ্ধা চিকিৎসক পরিষদের কেন্দ্রীয় কমিটিতে যুগ্ম আহবায়ক হিসাবে দায়িত্ব পালন করছেন।

তিনি আরও বলেন, রাজনীতি আমার রক্তে মিশে আছে। ছোট বেলা থেকে রাজনৈতিক শিক্ষা লাভ করেছি আদর্শিক পিতার কাছ থেকে। ডাক্তার হওয়ার পর গণিত মানুষকে সেবা ও উপকার করার চেষ্টা করেছি। গাংনীর মানুষদের জন্য আমি সবসময় চিন্তা করি। কিভাবে গাংনীবাসীর সার্বিক উন্নয়ন করা যায়, নতুন নতুন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে গাংনীবাসীর সেবা করা যায় এটাই আমার একমাত্র লক্ষ্য। আমার জীবনে পাওয়ার বা হারানোর কিছু নেই। আমার একটাই চাওয়া গাংনীবাসীর উন্নয়ণ ও বর্তমান সরকারকে ২-এর পাতায় দেখুন




## চুয়াডাঙ্গা সদর হাসপাতাল পূর্ণাঙ্গরূপে চালুর দাবিতে মানববন্ধন

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গা সদর হাসপাতালটি পূর্ণাঙ্গরূপে ২৫০ শয্যা চালুর জন মানববন্ধন করেছে মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ড। শবিবার এ মানব বন্ধন করেন তারা।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন খুলনা বিভাগিয় মুক্তিযোদ্ধা সন্তান সংসদ কমান্ডের সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলার আহ্বায়ক, চুয়াডাঙ্গা সদর উপজেলার ভাইস চেয়ারম্যান, গরীব রুহানি মাসুম। বক্তারা বলেন আগামী ১৫ জুলাই এর মধ্যে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ডাক্তার, নার্স, ও পরিচ্ছন্ন কাজের কর্মী প্রদান, প্রসূতি ও দুর্ঘটনাকবলিত রোগীদের জন্য ২৪ ঘন্টা অপারেশন থিয়েটারের সেবা প্রদানসহ ২৫০ শয্যা হাসপাতালের পূর্ণাঙ্গ রুপে চালুর জন্য সকল অবকাঠামো উন্নয়ন না হলে অনশন করবো জেলাবাসী।

# আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে সকল মানুষ সমান অধিকার পাই : এমপি সাহিদুজ্জামান খোকন



**গাংনী প্রতিনিধিঃ** স্মাট বাংলাদেশ গড়তে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যখন দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন। আর তখন বিরোধী চক্ররা বিদেশীদের ধরনা ধরে নানা রকম কথা লাগিয়ে ষড়যন্ত্রের নীল নকশা তৈরী করছে। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় থাকলে, অপহরণ, চুরি-ডাকাতি হয়না। বিএনপি-জামায়াত ক্ষমতায় গেলে, অপহরণ, চুরি-ডাকাতি হয়। কারণ বিরোধী চক্ররা এদেশের ভাল চাইনা। শনিবার দুপুরে মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদ আয়োজিত বর্তমান সরকারের উন্নয়ন ও স্মার্ট ইউনিয়ন গড়ার লক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য প্রদানকালে কথাগুলো বলেন, মেহেরপুর -২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান ২-এর পাতায় দেখুন



## চুয়াডাঙ্গার ফটো কনটেস্ট ২০২৩ এর পুরস্কার বিতরণ

**আরিফুল ইসলাম :** মানবিক ফাউন্ডেশন প্রিয় শহর চুয়াডাঙ্গার উদ্যোগে ফটো কনটেস্ট ২০২৩ এ বিজয়ীদেরকে পুরুস্কৃত করা হয়েছে। শনিবার চুয়াডাঙ্গা পুলিশ পার্ক কমিউনিটি সেন্টারে এ পুরুস্কার দেওয়া হয়। ফটো কনটেস্টে প্রথম স্থান অধিকারীর হাতে পুরস্কার তুলে দেন ফয়সাল আহমেদ অন্তর। দ্বিতীয় স্থান অধিকারীর হাতে পুরস্কার তুলে দেন মানবিক ফাউন্ডেশন প্রিয় শহর চুয়াডাঙ্গার প্রধান এডমিন যুবরাজ। তৃতীয় ও চতুর্থ স্থান অধিকারীর হাতে পুরস্কার তুলে দেন গ্রুপের ২-এর পাতায় দেখুন

# সাংবাদিক নাদিম হত্যার খুনিদের বিচারের দাবিতে অভয়নগরে মানববন্ধন


**অভয়নগর (যশোর) প্রতিনিধি :** বাংলানিউজটোয়েন্টিফোর. কমের জামালপুর জেলা প্রতিনিধি ও ৭১ টিভির বকশীগঞ্জ প্রতিনিধি গোলাম রব্বানি নাদিম হত্যার প্রতিবাদে ও খুনিদের বিচারের দাবিতে যশোরের অভয়নগরে মানববন্ধন করেছে সাংবাকর্মীরা। নওয়াপাড়া প্রেসক্লাবের আয়োজনে শনিবার দুপুরে নওয়াপাড়া শংকরপাশা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সামনে যশোর-খুলনা মহাসড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। ঘন্টাব্যাপী চলা মানববন্ধনে বক্তব্য রাখেন, নওয়াপাড়া প্রেসক্লাবের সভাপতি নজরুল ইসলাম মল্লিক, সাধারণ সম্পাদক মোজাফ্‌ফার আহমেদ, দৈনিক নওয়াপাড়ার ভারপ্রাপ্ত সম্পাদক হারুন অর রশীদ, নির্বাহী সম্পাদক মফিজুর রহমান দপ্তরী, বাঘারপাড়া উপজেলা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চন্দন দাস। অনুষ্ঠান সঞ্চালনা করেন, যুগ্ম সাধারণ সম্পাদক




এস জেড মাসুদ তাজ। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের ক্রীড়া সম্পাদক এম এম আলাউদ্দিন, আইসিটি সম্পাদক তারিম আহমেদ ইমন, নির্বাহী সদস্য সেলিম হোসেন, রবিউল ইসলাম বিশ্বাস, সদস্য গাজী রেজাউল করিম, মল্লিক খলিলুর রহমান, জসিম উদ্দিন বাচ্চু, ডিআর আনিস, গাজী আবুল হোসেন, আশরাফুল আলম, ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই),** ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh  e-paper.eaiamardesh.com  www.eaiamardesh.com

### সাংবাদিক নাদিম হত্যা

# ঘাতকদের কোনোভাবেই ছাড় নয়

আমাদের দেশে সাংবাদিক হত্যা, নির্যাতন ও হয়রানির ঘটনা নতুন কোনো বিষয় নয়। এবার জামালপুরের সাংবাদিক গোলাম রাব্বানী নাদিমকে নৃশংসভাবে হত্যা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। সাংবাদিক গোলাম রাব্বানী নাদিম বাংলানিউজ টোয়েন্টিফোর ডটকমের জামালপুর প্রতিনিধি ও একাত্তর টিভির বকশীগঞ্জ উপজেলা প্রতিনিধি ছিলেন। মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের (আসক) তথ্যমতে, ১০ বছরে এ ধরনের ঘটনার শিকার হয়েছেন ৩০ সাংবাদিক। চলতি বছরের জানুয়ারি থেকে মার্চ মাসের মধ্যে ৫৬ জন সাংবাদিক বিভিন্নভাবে নির্যাতন, হয়রানি, মামলা, হুমকি ও পেশাগত দায়িত্ব পালনে গিয়ে বাধার শিকার হয়েছেন। এসব ঘটনায় জড়িতদের বিচার হওয়ার নজির খুব কমই। সাংবাদিক হত্যাকাণ্ডের কোনোটার বিচারই শুরু হয় না, কোনোটা চার্জশিটে আবদ্ধ, কোনোটা আবার তথ্যপ্রমাণের অভাবে লাল ফিতার দৌরাত্ম্যে আটকে যায়। ফলে বিচার না হওয়ায় একের পর এক হত্যাকাণ্ড ঘটেই চলছে। জানা গেছে, বুধবার অফিসের কাজ শেষে রাত ১০টার দিকে মোটরসাইকেলে বাড়ি ফিরছিলেন গোলাম রাব্বানী নাদিম ও তার সহকর্মী আল মুজাহিদ বাবু। পথে বকশীগঞ্জ পাথাটিয়ায় পৌঁছালে সামনে থেকে অতর্কিত আঘাত করে চলন্ত মোটরসাইকেল থেকে তাকে ফেলে দেয়া হয়। এরপর দেশীয় অস্ত্রধারী ১০-১২ জন দুর্বৃত্ত তাকে সড়ক থেকে মারধর করতে করতে টেনেহিঁচড়ে অন্ধকার গলিতে নিয়ে যায় এবং তার মাথা ও শরীরের বিভিন্ন স্থানে এলোপাতাড়ি আঘাত করে। সে সময় সহকর্মী মুজাহিদ তাদের আটকাতে গেলে তাকেও মারধর করা হয়। এর আগে গত ১৪ মে ময়মনসিংহ সাইবার ক্রাইম ট্রাইব্যুনালে জামালপুরে নাদিমসহ দুই সাংবাদিকের বিরুদ্ধে মামলা করেন সাধুরপাড়া ইউনিয়নের চেয়ারম্যান মাহামুদুল আলম বাবু। ১৪ জুন মামলাটি খারিজ করেন আদালত। নিহত গোলাম রাব্বানীর স্ত্রী মনিরা বেগম সাংবাদিকদের কাছে অভিযোগ করে বলেন, সংবাদ প্রকাশকে কেন্দ্র করে বকশীগঞ্জের সাধুরপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহমুদুল আলম অসন্তুষ্ট হয়েছিলেন। আগেও তিনি নানাভাবে হেনস্তা করার চেষ্টা করেছেন। ওই ইউপি চেয়ারম্যানের লোকজনই হামলা করে আমার স্বামীকে হত্যা করেছেন। এ ঘটনায় পুলিশ ৬ জনকে আটক করেছে। বলাই বাহুল্য, বর্তমানে সাংবাদিকদের জীবন চরম অনিরাপদ। দেশের সবচেয়ে ঝুঁকিপূর্ণ পেশা হিসেবে সাংবাদিকতায় নিয়োজিতদের নিরাপত্তা নিশ্চিত করা যাচ্ছে না। সংবাদমাধ্যমসহ মতপ্রকাশের স্বাধীনতার জন্য বড় হুমকি হয়ে উঠেছে সাম্প্রতিক 'ডিজিটাল নিরাপত্তা আইন'। একদিকে এমন আইন ও নানারকম ভয়ভীতি-হুমকির কারণে সাংবাদিকতার পরিসর সংকুচিত হয়ে উঠছে; অন্যদিকে শারীরিকভাবে হামলা ও হেনস্তার শিকার হতে হচ্ছে সাংবাদিকদের। এসব হামলা-নির্যাতন সাংবাদিকতা পেশাকে আরো ঝুঁকিপূর্ণ করে তুলছে এবং তথ্য প্রকাশে বাধা দেয়ার মধ্য দিয়ে তা সংবাদ মাধ্যমের স্বাধীনতাকেও খর্ব করছে, যা কোনোভাবেই কাম্য নয়। সাগর-রুনি হত্যাকাণ্ডের তদন্ত এখনো শেষ হয়নি এটা দুঃখজনক। এটা আমাদের ব্যর্থতা, তদন্ত যারা করছেন তাদের ব্যর্থতা। গোলাম রাব্বানী নাদিম হত্যাকাণ্ডে জড়িতদের চিহ্নিত করে ত্বরিত বিচারের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

## ঝিনাইদহে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে

লীগের সভাপতি সাজেদুল ইসলাম সোম, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলামসহ সদর ও পৌর কৃষক লীগের নেতৃবৃন্দ। পরে কৃষকদের মাঝে কৃষিবান্ধব সরকারের কৃষি খাতে যে অবদান রেখেছে তার উপর ভিত্তি করে প্রচারপত্র বিতরণ করা হয়।

## ঝিনাইদহের গান্না ইউনিয়নে

সব আবাদি জমি চাষাবাদের অযোগ্য হয়ে। মানববন্ধনে উপস্থিত ছিলেন গ্রামের ভুক্তভোগী কৃষক মো: আল আমিন, আব্দুর রশিদ, মো হাসেম আল,সিদ্দিক,মতিয়ার, মো: খোরশেদ আলম, রঞ্জন পিতা রফিকুল ইসলাম মালেক। এ বিষয়ে পুকুরের বর্তমান মালিক লিটনের সাথে কথা হলে জানান, পুকুরটি ১০ বছরের পুরাতন। আমি সংস্কার করছিলাম। যেহেতু গ্রামের মানুষ অভিযোগ দিচ্ছেন কাজ বন্ধ করে দেব।

গান্না ইউনিয়ন ভূমি কর্মকর্তা আবু তালেব বন্ধ করে দিয়েছেন বলে জানান। ভুক্তভোগী সকল কৃষকের দাবি, এই পুকুরটির খনন কাজ বন্ধ করে তাদের আবাদি জমি রক্ষা করা হোক।

## সাংবাদিক নাদিম হত্যাকান্ডে

কর্মসূচিতে বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারন সম্পাদক মাহমুদ হাসান পিটু, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, এম রবিউল ইসলাম রবি, কেএম সালেহ, শামীমুল হক শামীম, এম এ জলিল। অপর দিকে ঝিনাইদহ টেলিভিশন সাংবাদিক ফোরামের পক্ষ থেকে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচিতে বক্তব্য রাখেন টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি শিপলু জামান, সহসভাপতি ফয়সাল আহমেদ, সাধারন সম্পাদক রাজিব হাসান, সাংগঠনিক সম্পাদক সাদ্দাম হোসেন, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক জহুরুল ইসলাম হিরো, ক্রিড়া ও সাহিত্য বিষয়ক সম্পাদক রুহুল আমিন , কোষাধ্যক্ষ লোটাস রমজান সোহাগ, নির্বাহী সদস্য আসিফ ইকবাল মাখন, মিঠু মালিতাসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, সাংবাদিক নাদিম হত্যার সাথে জড়িত সকলকে দ্রুত সময়ের মধ্যে গ্রেফতার করে শাস্তির দাবি করেন। সেই সাথে সাংবাদিকদের নিরাপত্তা জোরদার, মিথ্যা মামলা প্রত্যাহার ও সাংবাদিক হত্যা মামলায় আসামীদের দ্রুত বিচারের দাবি জানানো হয়।

মানববন্ধন শেষে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে ঝিনাইদহ প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

## চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ

কমিটির নেয়া "রোড টু স্মার্ট বাংলাদেশ" কর্মসূচির আওতায় দেশব্যাপী আওয়ামী লীগের সাংগঠনিক জেলা অফিসগুলোকে স্মার্ট কার্যালয় হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শনিবার বিকেলে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে "স্মার্ট কর্ণার" এর উদ্বোধন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে দলীয় নেতা-কর্মীদের তথ্য-প্রযুক্তি বিষয়ে উদ্বুদ্ধকরণ এবং মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার বার্তা ঘরে ঘরে পৌঁছে দিতেই এ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়ক কবির বিন আনোয়ার।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কবির বিন আনোয়ার বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার আন্তরিকতায় বাংলাদেশ আজ ডিজিটাল বাংলাদেশে উন্নীত হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তারই ধারাবাহিকতায় আওয়ামী লীগের প্রতিটি কার্যালয়ে স্মার্ট কর্ণার স্থাপন করার কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে উপজেলা পর্যায়েও প্রতিটি কার্যালয়ে স্মার্ট কর্ণার স্থাপন করার মাধ্যমে দেশের প্রতিটি প্রান্তে উন্নয়নের বার্তা পৌঁছে দেওয়া হবে। এ সময় তিনি আরো বলেন, স্মার্ট কর্ণার স্থাপনের ফলে এখন থেকে প্রতিটি জেলা আওয়ামী লীগ কার্যালয়ে ডিজিটাল সুবিধার মাধ্যমে মুক্তিযুদ্ধ, সরকারের উন্নয়ন, সাফল্য ও সম্ভাবনার চিত্র তুলে ধরে প্রচার-প্রচারণা চালানো হবে। এ উদ্যোগের ফলে নতুন প্রজন্ম সঠিক ইতিহাস ও তথ্য পাবে। এসময় তিনি ঐক্যবদ্ধভাবে মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তিকে রুখে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের গতিকে আরও বেগবান করতে নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি মোঃ সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি এবং সঞ্চালনা করেন সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন । এছাড়া আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি-সাধারণ, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি/সাধারণ, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি-সাধারণ, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি/সাধারণসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীবৃন্দ। স্মার্ট কর্ণার উদ্বোধন অনুষ্ঠানে কবির বিন আনোয়ারের সফরসঙ্গী হিসাবে উপস্থিত ছিলেন তথ্য প্রযুক্তিবিদ সুফি ফারুক ইবনে আবুবকর এবং প্রেসিডেন্সী মোঃ তানভীর হাসান তালাশ সহ জাতীয় নির্বাচন পরিচালনা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

## ইবনে সিনা ট্রাস্ট ও গোল্ডেন লাইফ

লাইফ ইনসিওরেন্স লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক সুমল কান্তি দাস, সহকারী ব্যবস্থাপনা পরিচালক ও মানব সম্পদ বিভাগের প্রধান মুহম্মদ মনিরুল ইসলাম খান ও এসইভিপি ফয়েজ আহমেদ।চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর মতামত ব্যক্ত করতে গিয়ে গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেডের মুখ্য নির্বাহী কর্মকর্তা আমজাদ হোসেন খাঁন চৌধুরী তার মতামত ব্যক্ত করে জানান, ইবনে সিনা দেশের খ্যাতনামা একটি শিল্পগ্রুপ। সেবাখাতের প্রতি সেক্টরে উন্নত মান ধরে রাখার ক্ষেত্রে এ শিল্পগ্রুপটি বরাবরই আপোষহীন। ইবনে সিনা স্বাস্থ্য সেবাখাতকে বানিজ্যিক চিন্তামুক্ত থেকে দেশের মাটি ও মানুষের কল্যানে নিবেদিত প্রান হয়ে নিরলসভাবে কাজ করে আসছে, ইবনে সিনার সুনাম ও সুখ্যাতি দেশজুড়ে বিরাজমান। ইবনে সিনার সাথে গোল্ডেন লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ কর্পোরেট চুক্তির আওতায় আসতে পেরে গর্বিত, এই চুক্তির ফলে গোল্ডেন লাইফ ইনসিওরেন্সের প্রশাসনিক উর্দ্ধতন কর্মকর্তা থেকে শুরু করে মাঠ পর্যায়ের ডিপেন্ডেন্টগনও সাশ্রয়ীমূল্যে উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার পথ সুগম হল। তিনি গোল্ডেন লাইফ ইনসিওরেন্সের সকল জনশক্তিকে এ সুবিধা গ্রহনের আহ্বান জানান।ইবনে সিনা ট্রাস্টের অতিরিক্ত পরিচালক ও হেড অব বিজনেস ডেভেলপেন্ট এ এন এম তাজুল ইসলাম গোল্ডেন লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিঃ কে ধন্যবাদ ও অভিনন্দন জানিয়ে বলেন, গোল্ডেন লাইফ ইনসিওরেন্স প্রশাসনিক উচ্চ পর্যায় থেকে শুরু করে মাঠ পর্যায়ের জনশক্তির জন্য মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিতে যে পদক্ষেপ গ্রহন করেছে তা নিঃসন্দেহে প্রশংসনীয়।

## স্বাধীনতা থেকেই সকল নির্বাচনে

যুদ্ধ থেকে শুরু করে সকল নির্বাচনে আন্তর্জাতিক চাপ ও ষড়যন্ত্র ছিলো। কখনই কোন চাপের কাছে মাথানত করেনি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাই কোন চাপে নয় একটি অবাধ সুষ্ঠু নির্বাচনের কথা ভাবছে সরকার। নির্বাচন কালীন সরকার না তত্বাবধায়ক সরকারের অধীনে আগামী নির্বাচন হবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন নির্বাচন হবে সংবিধান অনুযায়ী। এছাড়াও তিনি বলেন, দেশের প্রতিটি জেলা-উপজেলায় আওয়ামী লীগের স্মার্ট কর্ণার লঞ্চিংয়ের উদ্বোধন করা হচ্ছে। যেখান থেকে অনলাইন ভিত্তিক আওয়ামী লীগের সকল রাজনৈতিক কর্মকান্ড পরিচালনা করা হবে। এখান থেকেই সকল প্রকার গুজব, ষড়যন্ত্র ভার্চুয়ালী মোকাবেলা করা হবে। এছাড়াও কোন অপশক্তি যাতে আওয়ামী লীগে প্রবেশ করতে না পারে সেজন্য ছাত্র অবস্থা থেকে শুরু করে আওয়ামী লীগের সকল নেতা-কর্মীদের ডাটাবেজ থাকবে। মেহেরপুর পৌরসভা সংলগ্ন জেলা আওয়ামী লীগ অফিসে স্মার্ট কর্ণার লঞ্চিং উদ্বোধন পরবর্তীতে প্রধান অতিথি হিসেবে যোগ দেন জেলা শিল্পকলা একাডেমীতে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায়। এ সময় সেখানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহীন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম,গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শাহ জামান সহ জেলা ও উপজেলা আওয়ামী লীগ নেতৃবৃন্দ।

## হরিণাকুন্ডুর বিভিন্ন ইউনিয়ন

আব্দুল মজিদ বিশ্বাস, হরিণাকুন্ডু উপজেলা বি.এন.পি সভাপতি মোঃ আবুল হাসান মাস্টার, হরিণাকুন্ডু পৌর বি.এন.পির সভাপতি মোঃ জিন্নাতুল হক খান, হরিণাকুন্ডু উপজেলা বি.এন.পির সাধারণ সম্পাদক মোঃ তাইজাল হোসেন, হরিণাকুন্ডু পৌর বি.এন.পির সাধারণ সম্পাদক মোঃ আনিচুর রহমান। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ রুহুল আমীন পিকুল। বিশেষ বক্তা হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, হরিণাকুন্ডু উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ খাইরুল ইসলাম, হরিণাকুন্ড পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ সুজন আহমেদ। উক্ত অনুষ্ঠান পরিচালনা করেন হরিণাকুন্ডু পৌর স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মোঃ ফিরোজ আহমেদ। আলোচনা সভা শেষে উপজেলা ও পৌর স্বেচ্ছাসেবক দলের কমিটি গঠন করা হয়। এর আগে হরিণাকুন্ডু উপজেলা, পৌর বিএনপি ও সকল অঙ্গ সহযোগী সংগঠনের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়।

## দামুড়হুদায় হতদরিদ্র ভ্যানচালকের

ফয়সাল, আসাদুল হক প্রমুখ। উল্লেখ্য, গত ২জুন দর্শনা পৌরসভার রেল স্টেশনে থেকে ভ্যানটি চুরি হয়। এ সংবাদ শুনে হৃদক্রিয়া বন্ধ হয়ে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয় শাহজাহানের।

## বামন্দী হাটের উন্নয়ন কাজের

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, আওয়ামী মহিলা লীগ নেত্রী লাইলা আরজুমান বানু। এসময় উপস্থিত ছিলেন, বামন্দী হাট মালিক আমিরুল ইসলাম শেখ। এসময় উপস্থিত ছিলেন জনপ্রতিনিধি, রাজনীতিক ব্যক্তিত্বসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।

## গাংনীতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের

অবগত করেন। এই অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থল পরির্দশন করেন গাংনী থানা পুলিশ। এব্যাপারে ঢেপা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের সহ সভাপতি মাজহারুল ইসলাম জানান, সরকারী সিডিউল অনুযায়ী সীমানা প্রাচীর নির্মান করা হচ্ছে, স্কুলের দেড় থেকে দুই ফিট জায়গা ফেলে রেখে প্রাচীর নির্মান করা হচ্ছে, সেখানে ঢেপা গ্রামের ইউনুস আলীর ছেলে কালু অবৈধ ভাবে ৯ ফিট স্কুলের জায়গা রাস্তা হিসেবে ফেলে রাখার জন্য প্রধান শিক্ষক মিজানুর রহমানকে রামদা দিয়ে কুপিয়ে প্রাণ নাশের হুমকী দিয়ে কাজ বন্ধ করে রেখেছে। তিনি আরও বলেন, আমি বলেছি স্কুলের জায়গা দেড় থেকে দুই ফিটের বেশি ফেলে রাখা যাবে না। সরকারী জায়গা আমরা ফেলে রাখতে পারবো না। আপনারা শিক্ষা অফিস বা উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে যোগাযোগ করেন। আমাদের কথা না শুনে কালু প্রকাশ্যে রামদা হাতে নিয়ে স্কুলের মধ্যে প্রবেশ করে প্রধান শিক্ষককে হত্যার হুমকি দিয়েছে। সরকারী কাজে বাঁধা ও প্রধান শিক্ষককে হত্যার হুমকির বিষয়ে প্রধান শিক্ষকসহ ম্যানেজিক কমিটির পক্ষ থেকে উপজেলা শিক্ষা অফিসারকে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে। এব্যাপারে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাসির উদ্দিন জানান, ঢেপা সরকারী প্রার্থমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানে বাঁধা ও প্রধান শিক্ষককে প্রাণ নাশের হুমকী দেওয়ার ঘটনায় প্রধান শিক্ষক মিজানুর রহমানসহ ম্যানেজিং কমিটি আমাকে লিখিত অভিযোগ দিয়েছে। অভিযোগের ভিত্তিতে আমি গাংনী থানায় ব্যবস্থা গ্রহনের জন্য অভিযোগটি প্রেরণ করেছি। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, আমি অবগত আছি বিষয়টি ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক দেখছেন আপনি তাঁর সাথে কথা বলেন। এব্যাপারে ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক জানান, ঢেপা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর দেওয়ার সময় ৯ ফিট রাস্তা দাবী করার ঘটনায় প্রধান শিক্ষক একটি অভিযোগ দিয়েছে। গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আমাকে বিষয়টি সমাধানের জন্য অবগত করেছে, আমি ঢেপা গ্রামের প্রধানদের নিয়ে আজ সন্ধ্যায় বসে সমাধান করার চেষ্টা করবো।

## আলমডাঙ্গার চিৎলা ইউনিয়ন আওয়ামী

রাখেন চিৎলা ইউনিয়নের তরুণ উদীয়মান যুবলীগ নেতা শামীম রেজা রিন্টু। এসময় আরো উপস্থিত ছিলেন ইউপি সদস্য শাহজালাল সুজন, রকিব উদ্দিনসহ চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের সর্বস্তরের নেতাকর্মীবৃন্দ।

প্রধান অতিথি নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার মানুষের জীবনযাত্রার মান উজ্জ্বল করেছে। দেশে উন্নয়নের বিপ্লব ঘটেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা স্মার্ট বাংলাদেশ গড়ে তুলব।

## জীবননগরে ভ্যানে চার্জ দিতে

নিয়ে গেলে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ব্যাপারে একটি অপমৃত্যুর মামলা লিপিবদ্ধ করা হয়েছে।

## গাংনীবাসীর সেবায় নিজেকে

একটি আসন উপহার দেয়া।' তিনি আরও বলেন, জীবনের সর্বোচ্চটুকু দিয়ে গাংনীর মানুষদের পাশে থাকার চেষ্টা করছি। জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের রাজনীতির প্রতি আস্থাশীল হয়ে সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ করতে সরকারি চাকুরী থেকে ইস্তফাও দিয়েছি।'

গাংনীবাসীর পাশে থাকার চেষ্টা করছি জানিয়ে ডা. সাগর বলেন, করোনা মহামারীর সময় সাধ্যমতো মানুষের পাশে ছিলাম এবং এখন পর্যন্ত যেকোনো বিপদে পাশে আছি। করোনার শুরু থেকেই খাদ্য, অর্থ, চিকিৎসা সেবা, সচেতনতা ইত্যাদির মাধ্যমে মানুষের পাশে ছিলাম। আমি বর্তমানে সামাজিক সংগঠন ও সমাজসেবামূলক কর্মকান্ডের সাথে জড়িত। সামাজিক সংগঠন "নূরুল হক ফাউন্ডেশন" এর আমি উদ্যোক্তা । নূরুল হক ফাউন্ডেশনের মাধ্যমে শিক্ষা প্রসার, মেধাবী শিক্ষার্থীদের উৎসাহ প্রদানের জন্য নিজস্ব ও পারিবারিক অর্থায়নে বৃত্তি প্রদান এবং বিনামূল্যে "হেলথ ক্যাম্প" পরিচালনা করছি। আজীবন মানুষের সেবায় নিজেকে আত্মনিয়োগ করায় আমার একমাত্র লক্ষ।'

ডা. সাগরের ব্যক্তিগত পরিচিতিঃ ডা. এ. এস. এম নাজমুল হক (সাগর) ছোট বেলা থেকেই প্রখর মেধাবী ও দৃঢ় চিত্তের অধিকারী ছিলেন। তার শিক্ষাজীবন শুরু করেন গ্রামের প্রাথমিক বিদ্যালয় এবং হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে। তিনি গাংনী পাইলট স্কুল থেকে এসএসসি এবং ঢাকা নটরডেম কলেজ থেকে এইচএসসি সম্পন্ন করেন। পরবর্তীতে তিনি রাজশাহী মেডিকেল কলেজ থেকে এমবিবিএস ডিগ্রি অর্জন করেন।

শিক্ষা জীবনে তিনি ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত ছিলেন। তিনি প্রথমে বাংলাদেশ ছাত্রলীগ, রাজশাহী মেডিকেল কলেজ শাখার দপ্তর সম্পাদক ১৯৯২-১৯৯৩ নির্বাচিত হন। ১৯৯৪-১৯৯৫ সালে সাধারণ সম্পাদক এবং ১৯৯৫-১৯৯৭ সালে বাংলাদেশ ছাত্রলীগ রাজশাহী মেডিকেল কলেজ শাখার সভাপতি হিসেবে নেতৃত্ব দেন।

ছোটবেলা থেকেই তিনি ছাত্রলীগ করতেন। এবার রাজশাহী মেডিকেল কলেজে এসে বিএনপি সরকারের আমলে নিজের অস্তিত্বের প্রমাণ দিয়েছেন। ছাত্রলীগকে অনেক বেগবান করার লক্ষ্যে তিনি সংগ্রাম করতে শুরু করলেন। প্রথমে তিনি দপ্তর সম্পাদক পদ পান। এর পরের কমিটিতে তিনি সাধারণ সম্পাদক হোন। পরবর্তীতে তিনি তার দারুণ সাংগঠনিক দক্ষতা ও সাহসের কারণে আবার সভাপতি মনোনীত হোন। এইসময় তিনি ছাত্র রাজনীতির পাশাপাশি রোটার‍্যাক্ট ক্লাব, রাজশাহী মেডিকেল কলেজ, ১৯৯৩-১৯৯৮ (তিনবার) মেডিকেল সার্ভিস ডিরেক্টর হিসেবে কাজ করেন। মেডিকেলে পড়া অবস্থায় তিনি মানুষের বিপদে পাশে দাড়িয়েছেন সবসময়। শিক্ষাজীবন শেষ করে তিনি ঢাকায় কর্মজীবন শুরু করেন। ঢাকার কয়েকটি স্বনামধন্য চিকিৎসা সেবা প্রতিষ্ঠানে চিকিৎসা সেবায় নিয়োজিত ছিলেন। যার মধ্যে স্কয়ার হসপিটাল, পপুলার ডায়াগনস্টিক সেন্টার অন্যতম। তিনি ২৩ তম বিসিএস এর চিকিৎসা ক্যাডারে চিকিৎসা কর্মকর্তা হিসেবে যোগদান করেন এবং দেশের প্রত্যন্ত অঞ্চল বরিশালের ভোলা জেলার দৌলতখান উপজেলায় চিকিৎসা সেবায় নিয়োজিত হন। সর্বশেষ তিনি স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন পদে থেকে চিকিৎসা সেবার মানোন্নয়নে ভুমিকা রাখেন। এসময় তিনি ইউনিসেফ, বিশ্ব স্বাস্থ্য সংস্থা সহ অনেক উন্নয়ন সহযোগী সংস্থার সাথে হাসপাতালের সেবার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভুমিকা রাখেন। স্বাস্থ্য শিক্ষার ক্ষেত্রেও তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। গাংনীর আপামর জনতার দাবিতে তিনি মেহেরপুর ২ গাংনী আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি ডা. সাগর।

ডা. এ. এস. এম. নাজমুল হক সাগর জন্মগ্রহণ করেছেন মেহেরপুর জেলার গাংনী উপজেলার মোহাম্মদপুর গ্রামে। তার পিতা মরহুম নুরুল হক ১৯৩১ সালে মেহেরপুর উচ্চবিদ্যালয় থেকে ম্যাট্রিক, পাবনা এ্যাডওয়ার্ড কলেজ থেকে ১৯৩৩ সালে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক শিক্ষা সম্পূর্ণ করেন। তারপর কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৩৫ সালে বিএ পাশ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী অর্জন শেষে ব্রিটিশ সেনাবাহিনীতে যোগদান করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তিনি ব্রিটিশ সেনাবাহিনীর কমিশন্ড অফিসার এবং প্রথম বাঙ্গালী হিসাবে আর্টিলারি কোরে দায়িত্ব পালন করেন। ১৯৪৭ সালে সেনাবাহিনীর চাকুরী ত্যাগ করে নিজ গ্রামে হাজী ভরষ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৬৮ সালে তিনি তৎকালীন গাংনী থানা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি হিসেবে সংগঠনের দায়িত্ব পান এবং মৃত্যু অবধি (১৯৯৮সাল) তিনি সভাপতির দায়িত্ব পালন করেন। ১৯৭০ সালের প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হন, ১৯৭২ সালে তিনি গণপরিষদ (গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটি) এর সদস্য ছিলেন এবং ১৯৮৬ সালে নৌকার প্রতীক নিয়ে গাংনীর প্রথম নৌকার এমপি হন। ডা. সাগরের মাতার নাম নূর জাহান হক। মেজো বোনের নাম সেলিনা আখতার বানু। দশম জাতীয় সংসদে সেলিনা আখতার বানু শেখ হাসিনার মনোনয়নে সংরক্ষিত মহিলা আসন ৩০৭ এর সংসদ সদস্য ছিলেন।

## সাংবাদিক নাদিম হত্যার খুনিদের

রাজয় রাব্বি, শেখ জাবেদ আলী, তাওহীদ হাসান উসামা, রেজাউল হোসেন, রণজিৎ মল্লিক, শফিকুল ইসলাম পিকুল, জাহিদ হোসেন লিটন, মতিন গাজী প্রমুখ।

বক্তারা বলেন, সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। সাংবাদিক নাদিম হত্যাকাণ্ডের হোতা বকশীগঞ্জ সদর উপজেলার সাধুরপাড়া ইউপি চেয়ারম্যান মাহমুদুল আলম বাবুসহ খুনিদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে। অন্যথায় নওয়াপাড়া প্রেসক্লাবের সাংবাদিকরা রাজপথে থেকে ধারাবাহিক আন্দোলন করতে বাধ্য হবে।

## চুয়াডাঙ্গার ফটো কনটেস্ট

এডমিন মৌটুসী আক্তার মৌও ও আফরিন। এসময় আরো উপস্থিত ছিলেন ইমন, আল হাসিব, আহওসান হাবিব সিফাত, বন্নি, মাহফুজ, জুলেখা, লাবনি, বিথী সহ গ্রুপের সকল এডমিন মডারেটর গণ। উক্ত অনুষ্ঠানের সার্বিক সহযোগিতা ছিলেন চুয়াডাঙ্গার কৃতি সন্তান জনমানুষের বন্ধু আসন্ন নির্বাচনের নৌকা মনোনয়ন প্রার্থী মিনিস্টার মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ।

## আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে

খোকন। বামন্দী ইউনিয়ন পরিষদ সংলগ্ন আমবাগানে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল। গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায়- বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, আওয়ামী যুব মহিলা লীগ নেত্রী লাইলা আরজুমান বানু, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হাশেম বিশ্বাস,বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আমিরুল ইসলাম,রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল,গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কৃষক লীগ নেতা আবুল বাসার,সাবেক ছাত্রলীগ নেতা দেলোয়ার হোসেন মিঠু,ছাত্রলীগ নেতা আশিকুজ্জামান সবুজ। এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ ও তার অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

## বারোবাজারে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র

শুনলাম স্কুল মাঠে মারামারি হচ্ছে। এ কথা শোনার পর আমি ঘটনাস্থলে গিয়ে যারা মারামারি করছিল তাদের থামিয়ে দিই। আমি কারোর গায়ে হাত দিইনি। আমাকে নিয়ে যে অভিযোগ দিচ্ছে আসলে এটা রাজনৈতিক প্রতি হিংসা ছাড়া কিছুই না।

এ ব্যাপরে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহাবুবুর রহমান জানান, হাট বারোবাজার মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে মারামারির বিষয়টি আমি শোনার পর সূবর্ণসারা ফাড়ির আইসিকে অবহিত করি। পুলিশ ঘটনাস্থলে গিয়ে কাউকে পায়নি। তবে এ ব্যাপারে কেউ এখনো অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

## মসলার দামে নাকাল ক্রেতা

দাম কিছুটা কমে এসেছে। অর্থাৎ, উৎপাদন বাড়ার কথা বলা হলেও পেঁয়াজের ক্ষেত্রে ভারতনির্ভরতা কাটেনি। এসব বিষয়ে পুরান ঢাকার শ্যামবাজারকেন্দ্রিক মসলাজাতীয় পণ্যের আমদানিকারক ও পাইকারি বিক্রেতা আবদুল মাজেদ বলেন, সরকার যে উৎপাদনের তথ্য দিচ্ছে সেটা ঠিক নয়। চাহিদার তথ্যেও গরমিল রয়েছে। দেশে এখনো ৮ থেকে ১০ লাখ টন পেঁয়াজের ঘাটতি থাকে, যা আমদানির বিকল্প নেই। খুচরায় সাধারণ মানুষ ৪০ থেকে ৫০ টাকার মধ্যে পেঁয়াজ কিনে অভ্যস্ত। ঈদের আগে এমন দামে পেঁয়াজ মিলবে কি না- এমন প্রশ্নের জবাবে এ ব্যবসায়ী বলেন, কোনো উপলক্ষ এলেই খুচরা ও পাইকারি বাজারের মধ্যে দামের বড় ফারাক হয়। আমরা পাইকারি যে দামে বিক্রি করি, তার চেয়ে অনেক বেশি দামে খুচরা বিক্রেতারা বিক্রি করেন সুযোগ পেলেই। সেটা বাজার ব্যবস্থার দুর্বলতা। সেজন্য দাম আর খুব একটা কমার সম্ভাবনা কম। দেশে গত এক দশকের ব্যবধানে আদার চাহিদা পাঁচগুণ, রসুনের তিনগুণ বেড়েছে বলে দাবি ব্যবসায়ীদের। বিপরীতে আদার উৎপাদন থেমে আছে প্রায় এক জায়গায়। রসুনের উৎপাদন কিছুটা বাড়লেও সেটা চাহিদার তুলনায় কম। এতে বাড়ছে আদা-রসুনের আমদানিনির্ভরতা।

## ভিসা নীতি আমরাও করতে

সাড়ে চার কিলোমিটার নির্মাণকাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন 'অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যকে সহায়তা করতে' সম্প্রতি নতুন ভিসা নীতি ঘোষণা করে যুক্তরাষ্ট্র। দেশটির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন এক বিবৃতিতে এ ভিসা নীতি ঘোষণা করেন। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্রের কার্যালয় প্রকাশিত বিবৃতিতে ব্লিঙ্কেন বলেন, 'বাংলাদেশের আসন্ন জাতীয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যকে সহায়তা করতে আমি ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্টের অধীনে একটি নতুন ভিসা নীতি ঘোষণা করছি। 'এই নীতির অধীনে যুক্তরাষ্ট্র বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার জন্য দায়ী বা জড়িত বলে মনে করা যেকোনো বাংলাদেশি ব্যক্তির জন্য ভিসা প্রদানে বিধিনিষেধ আরোপে সক্ষম হবে। এর মধ্যে বর্তমান ও প্রাক্তন বাংলাদেশি কর্মকর্তা-কর্মচারী, সরকারদলীয় ও বিরোধী রাজনৈতিক দলের সদস্য, আইন প্রয়োগকারী, বিচার বিভাগ এবং নিরাপত্তা বাহিনীর সদস্যরা অন্তর্ভুক্ত।'

কাদের বলেন, বিএনপি নির্বাচন করতে দেবে না, এমন ঘোষণার পর যুক্তরাষ্ট্রের ভিসা নীতি তাদের ওপর প্রযোজ্য হয় কি না, তা তিনি দেখতে চান। তিনি বলেন, 'মার্কিন ভিসা নীতিতে তারা বলছে অবাধ, সুষ্ঠু নির্বাচনে যারা বাধা দেবে, তাদের ক্ষেত্রে প্রয়োগ হবে ভিসা নীতি। এই নীতি এখন অন্ধ, বধির হয়ে থাকবে না বাস্তববাদী হবে, আমরা দেখব।'

## তত্ত্বাবধায়ক সরকারের দাবি

তাদের অংশগ্রহণের অনুরোধ জানাই।' গতকাল শনিবার দুপুরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর এক ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন।

এ সময় জামালপুরের বকশীগঞ্জ উপজেলায় সাংবাদিক গোলাম রব্বানী নাদিম নিহত হওয়ার ঘটনার তীব্র নিন্দা জানিয়ে তথ্যমন্ত্রী বলেন, 'এটি অত্যন্ত বেদনাদায়ক ও দুঃখজনক। এই ন্যাক্কারজনক হত্যাকান্ডের সাথে যুক্ত মূল আসামিসহ অনেককেই দ্রুততার গ্রেপ্তার করা হয়েছে। অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির জন্য যা কিছু দরকার সবকিছুই করা হবে। এবং এই ধরনের ঘটনা যাতে ভবিষ্যতে না ঘটে সেজন্য আমাদেরকে সতর্ক থাকতে হবে।' বিএনপি মহাসচিবের বক্তব্য 'তত্ত্বাবধায়ক সরকার ছাড়া নির্বাচন করতে দেব না এবং রাজপথে থেকে কর্মসূচি বাস্তবায়ন করব' এর জবাবে তিনি বলেন, 'বিএনপি তত্ত্বাবধায়ক সরকারের দাবি আন্তর্জাতিক মহলের হাতে-পায়ে ধরে বিভিন্ন সময়ে তুলে ধরেছে। কিন্তু কোনো দেশ তাদের এ দাবি সমর্থন করে নাই এবং সরকারকেও কেউ বলেনি যে নির্বাচনকালীন একটি তত্ত্বাবধায়ক সরকার করতে হবে। অর্থাৎ তাদের এ দাবি মাঠে মারা গেছে, শুধু মির্জা ফখরুল সাহেবসহ তাদের নেতাদের মুখে আছে।'

হাছান মাহমুদ বলেন, 'বিএনপিসহ সকল রাজনৈতিক দলের অংশগ্রহণে আমরা একটি অংশগ্রহণমূলক অবাধ সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচন চাই, যে নির্বাচনের আয়োজক হচ্ছে নির্বাচন কমিশন। সেই নির্বাচনের মাধ্যমে আগামী দিনের সরকার নির্বাচিত হোক, সেটিই আমরা চাই। কিন্তু বিএনপি নির্বাচন কমিশনের কাছে, বিদেশিদের হাতে-পায়ে ধরে নির্বাচনে জেতার গ্যারান্টি চায়। কিন্তু বিএনপিকে তো নির্বাচনে জেতার গ্যারান্টি সরকার, নির্বাচন কমিশন এবং বিদেশিরাও দিতে পারবে না। তারা আসলে নির্বাচনকে ভয় পায়।'

## রেল যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে

যোগাযোগেও বৈপ্লবিক পরিবর্তন সাধিত হবে।

প্রস্তাবিত ২০২৩-২৪ অর্থ বছরের বাজেটের উপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, 'সরকার একটি জনবান্ধব রেল যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে এবার গত বছরের তুলনায় ১ হাজার কোটি টাকা বেশি করে ১৯ হাজার ১০ কোটি ৬৯ কোটি টাকা বরাদ্দ প্রস্তাব করেছে।'

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল ১ জুন চলমান বৈশ্বিক মন্দার মধ্যে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ৭.৫ শতাংশ নির্ধারণ করে ২০২৩-২৪ অর্থবছরের জন্য ৭,৬১,৭৮৫ কোটি টাকার জাতীয় বাজেট উপস্থাপন করেছেন।

আলোচনায় অংশ নিয়ে তিনি বলেন, যমুনা নদীর উপর আরও একটি রেল সেতু হচ্ছে, যা চলতি বছরের মধ্যে সমাপ্ত হবে বলে আশা করা হচ্ছে। চলতি বছরের মধ্যে ঢাকা থেকে কক্সবাজার সরাসরি রেল যোগাযোগ বাস্তবায়ন হবে এবং তা উদ্বোধন করা সম্ভব হবে। এছাড়া সেপ্টেম্বরের মধ্যে পদ্মা সেতু হয়ে ঢাকা থেকে ভাঙা রেল লাইন চালু করা হবে।

## জেনেভা থেকে দেশে ফিরেছেন

করেছিল। এর আগে, ১৩ জুন, প্রধানমন্ত্রী সুইজারল্যান্ডে চার দিনের সরকারি সফরে জেনেভা যান।

১৪ জুন, জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার ইউএনএইচসিআর প্রধান ফ্লিপো গ্র্যান্ডি প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর বাসস্থানে সাক্ষাৎ করেন।

পরে প্রধানমন্ত্রী প্যালাইস ডি নেশনস-এ সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালেইন বারসেটের সঙ্গে সাক্ষাৎ করেন। এরপর সেখানে বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।

বিকেলে, প্রধানমন্ত্রী প্যালাইস ডি নেশনস-এ 'ওয়ার্ল্ড অব ওয়ার্ক সামিট ২০২৩' এর প্লেনারিতে ভাষণ দেন।

শেখ হাসিনা মাল্টার প্রেসিডেন্ট ডক্টর জর্জ ভেলার সঙ্গেও সাক্ষাৎ করেন, এরপর আইএলও মহাপরিচালক গিলবার্ট এফ হাউংবোর সঙ্গে বৈঠক করেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রী আইএলও এর সদর দপ্তরে ডিজি কর্তৃক আয়োজিত উচ্চ পর্যায়ের গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে নৈশভোজে যোগ দেন।

১৫ জুন, তিনি ডব্লিউইএফ কার্যালয়ে এর প্রতিষ্ঠাতা অধ্যাপক ক্লাউস শোয়াবের সঙ্গে একটি বৈঠকের পর 'এ টক এট দ্য ডব্লিউইএফ' এ যোগদান করেন।

## শেখ হাসিনার ভালোবাসায়

ও বিমানের আরোহীদের সঙ্গে কুশল বিনিময় করছেন। গত শুক্রবার শেখ হাসিনা জাতীয় পতাকাবাহী বিমানের বাণিজ্যিক ফ্লাইটের যাত্রীদের সঙ্গে কথা বলেন। প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার মো. নজরুল ইসলাম বলেন, 'ফ্লাইটে তাদের আসনের পাশে প্রধানমন্ত্রীকে পেয়ে অনেকেই বিস্মিত ও অবাক হয়েছেন।' জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বড় মেয়ে শেখ হাসিনার সঙ্গে ছবি তুলতে চাইলে তিনি অনেক যাত্রীর অনুরোধ মেনে নেন। তিনি বাচ্চাদের সঙ্গেও খুব স্নেহের সাথে কথা বলেন ও তাদের সঙ্গে কিছুক্ষণ মজার গল্প করেন এবং কয়েকটি শিশুকে কোলে তুলে নেন।

এ সময় কয়েকজন যাত্রী গত সাড়ে ১৪ বছরে দেশের অপ্রত্যাশিত উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রীর কাছে তাদের মতামত তুলে ধরেন।

প্রধানমন্ত্রী ১৪-১৫ জুন অনুষ্ঠিত 'ওয়ার্ল্ড অব ওয়ার্ক সামিট : সোশ্যাল জাস্টিস ফর অল'- এ যোগদান শেষে সুইজারল্যান্ডের জেনেভা থেকে দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি নিয়মিত ফ্লাইট শুক্রবার (১৬ জুন) রাত ১টা ৫৫ মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এ সময় কয়েকজন যাত্রী গত সাড়ে ১৪ বছরে দেশের অপ্রত্যাশিত উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রীর কাছে তাদের মতামত তুলে ধরেন।

## হাসপাতাল ছেড়ে বাসায় খালেদা জিয়া

গত ১২ জুন রাত পৌনে ২টায় ম্যাডামকে হাসপাতালে নেওয়া হয়। পাঁচ দিন চিকিৎসা শেষে আজ বাসায় ফিরেছেন তিনি।

এসময় খালেদা জিয়া গাড়িবহরের সামনে-পেছনে বৃষ্টিতে ভিজে নেতাকর্মীরা মোটরসাইকেল নিয়ে মিছিল করে হাসপাতাল থেকে বাসা পর্যন্ত আসেন।

বিএনপির চেয়ারপারসনের মিডিয়া উইংয়ের আরেক সদস্য শামসুদ্দিন দিদার জানান, সন্ধ্যা ৬টা ৩৫ মিনিটে রাজধানীর এভারকেয়ার হাসপাতাল থেকে গুলশানের বাসভবন ফিরোজার উদ্দেশে হাসপাতাল ত্যাগ করেন বেগম খালেদা জিয়া।

খালেদা জিয়াকে বাসায় স্বাগত জানান বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা পরিষদের সদস্য আমানউল্লাহ আমান, আব্দুস সালাম, বিএনপির স্বনির্ভর বিষয়ক সম্পাদক শিরিন সুলতানা, সহ-স্বনির্ভর বিষয়ক সম্পাদক নিলুপার চৌধুরী মনি। এছাড়া খালেদা জিয়া ভাই শামীম ইস্কান্দার ও তার স্ত্রী কানিজ ফাতেমা ছিলেন।

হঠাৎ করে খালেদা জিয়ার শারীরিক অবস্থার কিছুটা অবনতি হলে গত ১২ জুন দিবাগত রাত ১টা ৪০ মিনিটে তাকে হাসপাতালে নেওয়া হয়। এরপর পরীক্ষা-নিরীক্ষার পর চিকিৎসকদের পরামর্শে তাকে ভর্তি করানো হয়।

পরে বিএনপি নেতারা জানান, খালেদা জিয়ার অন্যান্য রোগগুলো মোটামুটি নিয়ন্ত্রণে থাকলেও বর্তমানে লিভার ও কিডনি জটিলতা বেশি ভোগাচ্ছে তাকে। চিকিৎসকরা ওষুধ দিয়ে সেটাকে নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করে যাচ্ছেন। তিনি মোটামুটি ভালো আছেন।

## ইতিহাস গড়া জয়ের ম্যাচ

পরাজয়ের বেদনায় ভাসালেও চার বছর পর এবার ঢাকায় তার মধুর প্রতিশোধ তুলে নিলো টাইগাররা, নিজেদের ইতিহাসে সবচেয়ে বড় জয়টি তুলে নিয়ে। ৫৪৬ রানের বিশাল এই জয়ে ব্যাট হাতে সবচেয়ে বড় অবদান রেখেছেন টপ অর্ডার ব্যাটার নাজমুল হোসেন শান্ত। দুই ইনিংসেই জোড়া সেঞ্চুরি করেছেন তিনি। মুমিনুল হকের পর দ্বিতীয় বাংলাদেশি ব্যাটার তিনি, যিনি একই টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি করেছেন।

প্রথম ইনিংসে নাজমুল হোসেন শান্তর ব্যাট থেকে বেরিয়ে এসেছিলো অনবদ্য ১৪৬ রানের স্কোর। দ্বিতীয় ইনিংসে তার ব্যাট থেকে বেরিয়েছে ১২৪ রানের আরও একটি দুর্দান্ত ইনিংস।

প্রথম ইনিংসে শান্তর ১৪৬ রানের ওপর ভর করে ৩৮২ রান সংগ্রহ করে টাইগাররা। দ্বিতীয় ইনিংসে তার ১২৪ রানের ওপর ভর করে বাংলাদেশ সংগ্রহ করে ৪ উইকেট হারিয়ে ৪২৫ রান। সেঞ্চুরি করেন মুমিনুল হকও।

তবে শান্তর জোড়া সেঞ্চুরির কারণেই আফগানদের সামনে ৬৬২ রানের বিশাল লক্ষ্য দাঁড় করাতে সক্ষম হয় টাইগাররা। যে লক্ষ্যের দিকে তাকিয়ে পিলে চমকে যায় আফগানিস্তান ক্রিকেটারদের।

দুই ইনিংস মিলিয়ে ২৭০ রান করার কারণে ম্যাচ শেষে সেরার পুরস্কার তুলে দেয়া হয় নাজমুল হোসেন শান্তর হাতেই।

## শতাব্দীর সবচেয়ে বড় জয়ের

মেহেদি হাসান মিরাজকে ক্যাচ দেন জাজাই।

জাজাইর বিদায়ে কনকাশনে যাওয়া আফগানিস্তানের অধিনায়ক হাসমতুল্লাহ শাহিদির পরিবর্তে খেলতে নামেন বাহির শাহ। আগের দিন পেসার তাসকিনের বাউন্সারে হেলমেটে আঘাত পেয়ে আহত অবসর নিয়েছিলেন শাহিদি। শেষ পর্যন্ত ১৩ রানে থেকেই কনকাশন হলেন শাহিদি।

ক্যারিয়ারে প্রথমবারের মত টেস্ট খেলতে নেমে শরিফুলের বলে ব্যক্তিগত ৭ রানে আউট হন বাহির। ২৫তম ওভারে আজ প্রথমবারের মত বোলিংয়ে আসেন আগের দিন ১ উইকেট নেয়া তাসকিন। এরপর আফগানিস্তানের তিন ব্যাটারকে শিকার করে বাংলাদেশকে জয়ের দ্বারপ্রান্তে পৌঁছে দেন তাসকিন। রহমত শাহকে ৩০, করিম জানাতকে ১৮ ও আহমাদজাইকে ১ রানে শিকার করেন তিনি। মাঝে হামজা ৫ রানে মিরাজের শিকার হলে ১১০ রানে ৯ উইকেটে পরিনত হয় আফগানিস্তান।

তাসকিনের বলে আফগানদের শেষ ব্যাটার জহির খান হাতে ব্যথা পেয়ে আহত অবসর নিলে ১১৫ রানে গুটিয়ে যায় আফগানিস্তান। এছাড়া শরিফুল ২৮ রানে ৩টি, মিরাজ-এবাদত ১টি করে উইকেট নেন।

২০১৯ সালে টেস্ট ফরম্যাটে আফগানিস্তানের বিপক্ষে প্রথম দেখায় ২২৪ রানে হারের লজ্জা পেয়েছিলো বাংলাদেশ। সাড়ে তিন বছরেরও বেশি সময় পর ঐ হারের প্রতিশোধ বিশাল ব্যবধানে জয়ের মাধ্যমে নিলো বাংলাদেশ।

ফল : বাংলাদেশ ৫৪৬ রানে জয়ীসিরিজ : এক ম্যাচের সিরিজ ১-০ ব্যবধানে জিতলো বাংলাদেশ।

## এখন তাসকিন-এবাদত-শরিফুলদের

মুঙ্গানুইতে নিউজিল্যান্ডের বিপক্ষে ৮ উইকেটের ঐতিহাসিক জয়ের ম্যাচে তিন পেসার তাসকিন (০/৭৭ ও ৩/৩৬), শরিফুল (৩/৬৯, ০/৩০) ও এবাদত হোসেন (১/৭৫, ৬/৪৬) মিলে দখল করেছিলেন ১৩ উইকেট।

দেড় বছর পর এবার শেরে বাংলায় সেই সাফল্যকে পেছনে ফেলে ১৪ উইকেটের পতন ঘটিয়েছেন তাসকিন, এবাদত ও শরিফুল। সেটাও আবার ঘরের মাঠে! পেসারদের এমন সাফল্যে যে কোনো অধিনায়কেরই খুশি হওয়ার কথা। আফগানিস্তানের বিপক্ষে এই টেস্টে নেতৃত্বে থাকা লিটন দাসও পেসারদের এমন উদ্ভাসিত সাফল্যে দারুণ খুশি। তার কথা, 'মিরপুরে আমরা কখনো তিন পেসার নিয়ে খেলি না। যেহেতু উইকেটের আচরণটাই এমন ছিল, তিন পেসার নিয়ে খেলার মতো। উইকেটে যথেষ্টই পেসারদের রসদ ছিল। তারা তাদের দায়িত্ব পালন করেছে। আমি অধিনায়ক হিসেবে খুব খুশি।' পেসারদের দিনকে দিন এ উন্নতিকে কিভাবে দেখছেন লিটন? তার কথা, 'অবশ্যই পেসাররা অনেক উন্নতি করেছে। পিচ ম্যাপ দেখলে বুঝা যায়, আগে আমাদের বোলাররা, দুই একজন ছাড়া তেমন বোলার ছিল না যারা একই জায়গায় টানা বল করতে পারতো। এখন দেখেন আমরা কভার ছাড়া বল করি, এই উইকেটে না শুধু, ফ্ল্যাট উইকেটেও।'

পেসারদের প্রশংসা করতে গিয়ে আরও একটি উদাহরণ টানেন এ টেস্টে বাংলাদেশ ক্যাপ্টেন। জানান, এখন শুধু প্রতিপক্ষ দলের জন্য নয়, নেটে স্বদেশি ব্যাটারদের জন্য আতঙ্কের কারণ তাসনিক-এবাদতরা।

লিটনের ভাষায়, 'এখন নেটে ব্যাট করলেও আমাদের পেসারদের বিপক্ষে স্ট্রাগল করতে হয়। যেটা আগে পেতাম না। আমার মনে হয় তাসকিন, এবাদত, খালেদ, শরিফুল, মুশফিক এরা; যারা সাদা বলের খেলোয়াড় আছে, তাদের মুখোমুখি হলেও নেটে কঠিন পরিস্থিতির মুখে পড়তে হয়।

# সহজ জয় নিয়ে মাঠ ছাড়ল ফ্রান্স

**স্পোর্টস ডেস্ক :** টানা আক্রমণে দুর্বল জিব্রাল্টারের রক্ষণকে পুরোটা সময় ব্যতিব্যস্ত করে রাখলেন এমবাপে-জিরুদরা। সুযোগও তারা পেলেন অসংখ্য। ম্যাচের সঠিক চিত্র যদিও স্কোরলাইনে ফুটে উঠছে না। তবে নিশ্চিতভাবেই বলা যায়, অনায়াসে জয় নিয়ে মাঠে ছাড়ল ফ্রান্স। ইউরো বাছাইয়ে শুক্রবার প্রতিপক্ষের মাঠে ৩-০ গোলে জিতেছে দুইবারের বিশ্ব চ্যাম্পিয়নরা। অলিভিয়ে জিরুদের গোলে শুরুতেই তারা এগিয়ে যাওয়ার পর জালের দেখা পান কিলিয়ান এমবাপে। শেষ দিকে জিব্রাল্টারের আত্মঘাতী গোলে ঝাঁপিয়ে ফেরান গোলরক্ষক, তবে বল হাতে নিতে পারেননি।

ওই আক্রমণেই খানিক পর থিও এরনাঁদেজের হেড ক্রসবারে বাধা পায়। প্রবল চাপের মুখে ৩৩তম মিনিটে বুদ্ধিদীপ্ত শটে দুইবারের বিশ্ব চ্যাম্পিয়নদের চমকে দিতে বসেছিলেন এল হামিদি। প্রতিপক্ষের গোলরক্ষককে অনেকটা এগিয়ে থাকতে দেখে মাঝমাঠ থেকে শট নেন জিব্রাল্টার এই মিডফিল্ডার। বল ক্রসবার পেরিয়ে ওপরের জালে পড়লে হাফ ছাড়ে সফরকারীরা। সতীর্থদের ওপর কিছুটা ক্ষোভও প্রকাশ করেন ফরাসি গোলরক্ষক।




ব্যবধান বাড়ে আরও। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ-২০২৪ এর বাছাইয়ে তিন ম্যাচ খেলে তিনটিতেই জিতল ফ্রান্স। সমান ম্যাচে সবকটি হারল জিব্রাল্টার। দুই দলের মাঝে শক্তির পার্থক্য যতটা, ফিফা র‍্যাঙ্কিংয়েও ব্যবধান ততটাই। র‍্যাঙ্কিংয়ের দ্বিতীয় সেরা দল ফ্রান্স, আর জিব্রাল্টারের অবস্থান ২০১-এ। প্রতিপক্ষের ওপর শুরু থেকেই প্রবল চাপ বাড়ায় ফ্রান্স। ম্যাচের তৃতীয় মিনিটে গোলও পেয়ে যায় তারা। ডান দিক থেকে কিংসলে কোমানের ক্রসে গোলমুখে হেডে বল জালে পাঠান জিরুদ। আন্তর্জাতিক ফুটবলে এসি মিলান স্ট্রাইকারের গোল হলো ৫৪টি, ফ্রান্সের হয়ে সর্বোচ্চ। ২৩তম মিনিটে গোলের সুবর্ণ সুযোগ পেয়েও হারান এমবাপে। সতীর্থের উঁচু করে ডি-বক্সে বাড়ানো থ্রু বল নাগালে পেয়েও দরকারি টোকাটা দিতে পারেননি পিএসজি তারকা। প্রথম আধা ঘণ্টায় প্রায় ৮৫ শতাংশ সময় বল দখলে রেখে আক্রমণের ঝড় বইয়ে দেওয়া ফরাসিরা ২৯তম মিনিটে দারুণ দুটি সুযোগ তৈরি করে। প্রথমে এদুয়ার্দো কামাভিঙ্গার দূর থেকে নেওয়া শট প্রথমার্ধের একপেশে লড়াইয়ে গোলের উদ্দেশ্যে ১৮টি শট নিয়ে ৭টি লক্ষ্যে রাখতে পারে ফ্রান্স। এর শেষ শটটিতে বাড়ে ব্যবধান। ৪৫তম মিনিটে জিব্রাল্টারের ডি-বক্সে তাদের ৪০ বছর বয়সী ডিফেন্ডার রয় চিপোলিনার হাতে বল লাগলে পেনাল্টি দেন রেফারি। নিখুঁত স্পট কিকে গোলটি করেন এমবাপে। দ্বিতীয়ার্ধেও একই তালে চলতে থাকে খেলা। ৫২তম মিনিটে ব্যবধান বাড়তে পারত আরও, তবে আঁতোয়ান গ্রিজমানের শট বাধা পায় ডান পোস্টে। ৭৮তম মিনিটে নিজেরাই নিজেদের জালে বল পাঠিয়ে লড়াই থেকে একরকম ছিটকে পড়ে স্বাগতিকরা। বাঁ দিক দিয়ে ডি-বক্সে ঢুকে ডান দিকে সতীর্থের উদ্দেশ্যে পাস বাড়ান এমবাপে, মাঝপথে ঠেকাতে গিয়ে জালে পাঠিয়ে দেন আইমেন। ৩ ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে পাঁচ দলের বি গ্রুপের শীর্ষে আছে ফ্রান্স। তলানিতে জিব্রাল্টার। আগামীকাল সোমবার নিজেদের পরের ম্যাচে ঘরের মাঠে গ্রিসের বিপক্ষে খেলবে দুইবারের বিশ্ব চ্যাম্পিয়নরা।

# ফের ওয়ানডে দলে যোগ দিলেন নাঈম-আফিফ

**স্পোর্টস ডেস্ক :** ঢাকা প্রিমিয়ার লিগের সবশেষ আসরে দারুণ ব্যাটিংয়ের পর ওয়ানডে স্কোয়াডে ডাক পেলেন নাঈম শেখ। একই আসরে ভালো খেলার পুরস্কার পেয়ে আফিফ হোসেনও ফিরলেন দলে। আর সবশেষ সিরিজে কোনো ম্যাচ খেলার সুযোগ না পেয়েই বাদ পড়লেন ইয়াসির আলি চৌধুরি। আফগানিস্তানের বিপক্ষে আসন্ন ওয়ানডে সিরিজের জন্য শনিবার ১৫ সদস্যের দল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। আয়ারল্যান্ডের বিপক্ষে সবশেষ সিরিজে বিশ্রামে থাকা তাসকিন আহমেদও ফিরেছেন দলে। ইয়াসির ছাড়াও দলে জায়গা হারিয়েছেন রনি তালুকদার ও মৃত্যুঞ্জয় চৌধুরি। প্রিমিয়ার লিগের সবশেষ আসরে আবাহনী অলরাউন্ডার। নাঈমের মতো আফিফের বিরতি এত লম্বা নয়। গত মার্চে আয়ারল্যান্ডের বিপক্ষে ঘরের মাঠের ওয়ানডে সিরিজের তৃতীয় ম্যাচে স্কোয়াড থেকে বাদ পড়েন বাঁহাতি মিডল অর্ডার ব্যাটসম্যান। এরপর একই দলের বিপক্ষে ইংল্যান্ড সফরের দলেও রাখা হয়নি তাকে। জাতীয় দলে জায়গা হারানোর পর লিগে আবাহনীর শিরোপা জয়ে আফিফও রাখেন বড় অবদান। মিডল অর্ডারে ব্যাটিং করে ১৩ ইনিংসে ৫ ফিফটির সঙ্গে লিস্ট এ ক্যারিয়ারের প্রথম সেঞ্চুরির দেখাও পান ২৩ বছর বয়সী ব্যাটসম্যান। সব মিলিয়ে ৫৫ গড় ও ১১০.৬৬ স্ট্রাইক রেটে করেন ৫৫০ রান। মিডল অর্ডারে আফিফ ফিরেছেন




লিমিটেডের শিরোপা পুনরুদ্ধারে বড় ভূমিকা রাখেন নাঈম। ১৬ ম্যাচে ১ সেঞ্চুরির সঙ্গে ১০টি পঞ্চাশ ছোঁয়া ইনিংসে ৭১.৬৯ গড়ে আসরের সর্বোচ্চ ৯৩২ রান করেন বাঁহাতি ওপেনার। স্ট্রাইক রেটও বেশ ভালো, ৯১.৬৪! টি-টোয়েন্টিতে একসময় বাংলাদেশ দলের নিয়মিত এই ব্যাটসম্যান এখন পর্যন্ত ওয়ানডে খেলেছেন দুইটি। ২০২০ সালে অভিষেক ওয়ানডেতে ব্যাটিংয়ের সুযোগই পাননি।

পরের বছর মে মাসে শ্রীলঙ্কার বিপক্ষে এক ম্যাচে সুযোগ পেয়ে আউট হয়ে যান ১ রান করে। একই বছর জিম্বাবুয়ে সফরের দলেও রাখা হয় তাকে। কিন্তু কোনো ম্যাচ খেলার সুযোগ পাননি ২৩ বছর বয়সী ব্যাটসম্যান। এরপর গতবছর ঘরের মাঠে আফগানিস্তানের বিপক্ষে সিরিজের দল থেকে বাদ পড়ে যান তিনি। প্রায় ১৬ মাস পর আফগানদের বিপক্ষে আরেকটি সিরিজ দিয়েই ফিরলেন দলে।

নাঈমকে জায়গা দিতে বাদ পড়লেন রনি। আয়ারল্যান্ডের বিপক্ষে ইংল্যান্ড সফরের শেষ ওয়ানডেতে অভিষেক হয় ৩২ বছর বয়সী ওপেনারের। ওই ম্যাচে ৪ রান করেন আউট হন তিনি। ওই ম্যাচেই আরেক অভিষিক্ত মৃত্যুঞ্জয় জায়গা হারিয়েছেন তাসকিনের কাছে।

সেদিন ব্যাটিংয়ে ৮ রান করার পর বল হাতে ৮ ওভারে ৬৪ রান খরচ করেও উইকেটশূন্য থাকেন তরুণ ইয়াসিরের জায়গায়। ঘরের মাঠে আয়ারল্যান্ডের বিপক্ষে সিরিজে সবশেষ ওয়ানডে খেলেছেন ইয়াসির। ওই ম্যাচে ৭ রান করে আউট হন তিনি। এরপর ইংল্যান্ড সফরের দলে থাকলেও কোনো ম্যাচে খেলার সুযোগ পাননি ২৭ বছর বয়সী ব্যাটসম্যান। সাকিব ও মেহেদী হাসান মিরাজের সঙ্গে তৃতীয় স্পিনার হিসেবে জায়গা ধরে রেখেছেন তাইজুল ইসলাম। বিশ্বকাপের আগে দুই বাঁহাতি স্পিনার তাইজুল ও নাসুম আহমেদকে অদল-বদল করে খেলানোর কথা বলা হলেও, পরপর দুই সিরিজে সুযোগ পেলেন তাইজুল। চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরি স্টেডিয়ামে আগামী ৫ জুলাই শুরু হবে ওয়ানডে সিরিজ। একই মাঠে পরের দুই ম্যাচ ৮ ও ১১ জুলাই।

বাংলাদেশ স্কোয়াড: তামিম ইকবাল (অধিনায়ক), লিটন দাস, নাজমুল হোসেন শান্ত, সাকিব আল হাসান, মুশফিকুর রহিম, তাওহিদ হৃদয়, মেহেদী হাসান মিরাজ, তাইজুল ইসলাম, তাসকিন আহমেদ, ইবাদত হোসেন চৌধুরি, মুস্তাফিজুর রহমান, হাসান মাহমুদ, শরিফুল ইসলাম, আফিফ হোসেন, নাঈম শেখ।

বাদ পড়লেন: রনি তালুকদার, ইয়াসির আলি চৌধুরি, মৃত্যুঞ্জয় চৌধুরি

দলে ফিরলেন: নাঈম শেখ, তাসকিন আহমেদ, আফিফ হোসেন



# উগান্ডায় স্কুলে সন্ত্রাসী হামলা নিহত বেড়ে ৪০

**আন্তর্জাতিক ডেস্ক :** পশ্চিম উগান্ডার একটি স্কুলে ইসলামিক স্টেট গ্রুপের হামলায় নিহত বেড়ে ৪০ জনে দাঁড়িয়েছে। এমপন্ডওয়ের লুবিরিহা মাধ্যমিক বিদ্যালয়ে এই হামলায় আরও আটজন গুরুতর অবস্থায় রয়েছে। খবর বিবিসি। পুলিশ বলছে শুক্রবারের হামলাটি অ্যালাইড ডেমোক্রেটিক ফোর্সেস (এডিএফ) দ্বারা পরিচালিত হয়। এটি ডেমোক্রেটিক রিপাবলিক অফ কঙ্গো (ডিআরসি) ভিত্তিক উগান্ডার একটি গ্রুপ। পুলিশ জানায়, ডিআরসি-তে বিরুঙ্গা জাতীয় উদ্যানের দিকে পালিয়ে যাওয়া দলটিকে সেনারা তাড়া করছে। জাতীয় পুলিশের মুখপাত্র ফ্রেড এনাগা গতকাল শনিবার এক বিবৃতিতে বলেছেন, দএখন পর্যন্ত স্কুল থেকে ২৫ টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে এবং বেভেরা হাসপাতালে স্থানান্তর করা হয়েছেব তিনি আরও বলেন, গত শুক্রবার রাতে হামলার সময় স্কুলের একটি ছাত্রাবাস পুড়িয়ে দেওয়া হয় এবং একটি খাবারের দোকান লুট করা হয়। উগান্ডার সীমান্ত থেকে দুই কিলোমিটারেরও কম (১.২৫ মাইল) দূরে অবস্থিত স্কুলে হামলা। অনেক বছর পর উগান্ডার স্কুলে এই ধরনের হামলা হলো। এর আগে ১৯৯৮ সালের জুনে, ডিআরসি সীমান্তের কাছে কিচওয়াম্বা টেকনিক্যাল ইনস্টিটিউটে হামলায় ৮০ জন ছাত্রকে তাদের ছাত্রাবাসে পুড়িয়ে মারা হয়েছিল। অপহরণ করা হয়েছিল শতাধিক শিক্ষার্থীকে।

# উত্তর প্রদেশে তাপদহে ৩৪ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের উত্তর প্রদেশে তীব্র তাপদহে ৩৪ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় মৃত এই ৩৪ জন ব্যক্তিই উত্তর প্রদেশের বালিয়া জেলা হাসপাতালে ভর্তি ছিলেন। তাদের অধিকাংশই ষাটোর্ধ্ব। চিকিৎসকরা ৬০ বছরের বেশি বয়সী বাসিন্দাদের দিনের বেলায় বাড়ির ভিতরে থাকার পরামর্শ দিয়েছেন। গতকাল শনিবার আলজাজিরার প্রতিবেদনে বলা হয়, নিহতদের সবার বয়স ৬০ বছরের বেশি এবং তাদের আগে থেকে স্বাস্থ্যগত সমস্যা ছিল, যা তীব্র গরমের কারণে আরও খারাপ হয়ে থাকতে পারে। উত্তর প্রদেশের রাজধানী লখনউ থেকে প্রায় ৩০০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে বালিয়া জেলায় এই হতাহতের ঘটনা ঘটেছে। বালিয়ার চিফ মেডিকেল অফিসার জয়ন্ত কুমার জানিয়েছেন, গত বৃহস্পতিবার ২৩ জনের মৃত্যুর পর গত শুক্রবার আরও ১১ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। গতকাল শনিবার বার্তাসংস্থা অ্যাসোসিয়েটেড প্রেসকে তিনি বলেন, সকল ব্যক্তিই কিছু অসুস্থতায় ভুগছিলেন এবং প্রচণ্ড গরমের কারণে তাদের অবস্থা আরও খারাপ হয়েছিল। তিনি আরও বলেন, বেশিরভাগ মৃত্যু হার্ট অ্যাটাক, ব্রেন স্ট্রোক এবং ডায়রিয়ার কারণে হয়েছে। আরেক মেডিকেল অফিসার দিবাকর সিং বলেছেন, গুরুতর অবস্থায় লোকদের বালিয়ার প্রধান হাসপাতালে ভর্তি করা হয়েছে। ভারতের আবহাওয়া দপ্তরের তথ্যে দেখা গেছে, শুক্রবার বালিয়ায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস বেশি।

# মক্কা-মদিনায় তীব্র গরম ও ধুলোঝড়ের আশঙ্কা

**আন্তর্জাতিক ডেস্ক :** হজের সময় সৌদি আরবের মক্কা ও মদিনায় অত্যধিক গরম এবং শুষ্ক আবহাওয়া থাকতে পারে বলে জানিয়েছে সেখানকার দ্য ন্যাশনাল সেন্টার অব মেটেরোলজি (এনসিএম)। খবর সৌদি গেজেটের। আবহাওয়ার পূর্বাভাসে এনসিএম জানিয়েছে, হজ পালনের সময় মক্কায় তাপমাত্রা সর্বোচ্চ ৪৩ দশমিক ৬ ও মদিনায় ৪৩ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছানোর আশঙ্কা রয়েছে।এনসিএম আরও জানিয়েছে, মক্কায় রাতে গড় সর্বনিম্ন তাপমাত্রা ২৯ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস এবং মদিনায় ২৯ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াসে নেমে আসতে পারে। তীব্র তাপ ছাড়াও এনসিএম বাতাসের অবস্থারও পূর্বাভাস দিয়েছে। তারা বলেছে, মক্কায় বাতাসের গড় গতিবেগ উত্তর/উত্তর-পশ্চিম দিকে ঘণ্টায় ৪ থেকে ১০ কিলোমিটারের মধ্যে পরিবর্তিত হতে পারে।

# পাকিস্তানের টেক্সটাইল রপ্তানি আয়ে পতন

**আন্তর্জাতিক ডেস্ক :** চলমান অর্থনৈতিক সংকটের মধ্যেই বিপাকে পড়েছে পাকিস্তানের টেক্সটাইলখাত। এমন পরিস্থিতিতে দেশটির টেক্সটাইলের রপ্তানি আয় চলতি বছরের মে মাসে ১৯ দশমিক ৫৭ শতাংশ কমে এক দশমিক ৩২ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। গত বছর একই মাসে এ খাত থেকে দেশটির আয় হয় এক দশমিক ৬৪ বিলিয়ন ডলার। শুক্রবার পাকিস্তানের পরিসংখ্যান বিভাগ এ তথ্য প্রকাশ করেছে। খবর জিও নিউজের। প্রতিবেদনে বলা হয়েছে, শুধু মে মাসেই নয়। গত আট মাস ধরেই পাকিস্তানের টেক্সটাইল রপ্তানি আয়ে ভাঁটা পড়েছে। তাছাড়া ২০২৩ অর্থবছরের জুলাই থেকে মে পর্যন্ত মোট টেক্সটাইল রপ্তানি ১৪ দশমিক সাত শতাংশ কমে ১৫ দশমিক শূন্য তিন বিলিয়নে দাঁড়িয়েছে। যদিও ২০২২ অর্থবছরের একই সময়ে রপ্তানি হয় ১৭ দশমিক ৬২ বিলিয়ন ডলারের টেক্সটাইল পণ্য। মূলত সুতি কাপড়, নিটওয়্যার, বেডওয়্যার, তোয়ালে ও তৈরি পোশাকসহ সব প্রধান বস্ত্র সামগ্রীর রপ্তানিই উল্লেখযোগ্য হারে কমেছে।

# আসামে বন্যায় ৩৪ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত, অবনতির শঙ্কা

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের আসাম রাজ্যে কয়েকদিনের ভারি বৃষ্টিতে বন্যা দেখা দিয়েছে। এতে ১১টি জেলার ৩৪ হাজার মানুষ ক্ষতির মুখে পড়েছেন। গতকাল শনিবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি। আশঙ্কা করা হচ্ছে, রাজ্যটির মধ্য দিয়ে বয়ে যাওয়া ব্রহ্মপুত্র নদ ও আরও কয়েকটি নদ-নদীর পানি বাড়তে থাকায় বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে। ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজার জানিয়েছে, ইতোমধ্যে আসামের বিশ্বনাথ, দরং, ধেমাজি, লিখমপুর, ডিব্রুগড়, তামুলপুরসহ ১১টি জেলা বন্যা কবলিত হয়েছে। রাজ্য প্রশাসন জানিয়েছে, বন্যার কারণে এসব জেলার ৩৪ হাজার ১৮৯ জন বাসিন্দা ক্ষতির মুখে পড়েছেন, তাদের মধ্যে ১৪ হাজার ৬৭৫ জন নারী ও ৩ হাজার ৭৮৭ জন শিশু। বন্যা কবলিত জেলাগুলোর মধ্যে লখিপুরের পরিস্থিতি সবচেয়ে নাজুক। বন্যায় ক্ষতিগ্রস্ত অধিকাংশ মানুষই ব্রহ্মপুত্র নদ তীরবর্তী এই জেলাটির বাসিন্দা। এখানে বন্যা কবলিত মানুষের সংখ্যা ২৩ হাজার ৫১৬ জন। পরিস্থিতি মোকাবিলায় যে ১১টি ত্রাণশিবির খোলা হয়েছে তার ৮টি লখিপুর জেলায়।




# পারমাণবিক অস্ত্র মোতায়েনের কথা জানালেন পুতিন

**আন্তর্জাতিক ডেস্ক :** বেলারুশের পারমাণবিক অস্ত্র মোতায়েনের তথ্য নিশ্চিত করেছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। সমাজতান্ত্রিক রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নের পতনের পর এই প্রথম বাইরের কোনো দেশে পারমাণবিক অস্ত্র মোতায়েন করল মস্কো। রাশিয়ার নেতৃত্বাধীন আন্তর্জাতিক অর্থনৈতিক জোট সেন্ট পিটার্সবার্গ ইন্টারন্যাশনাল ইকোনমিক ফোরামের সম্মেলন শুরু হয়েছে দেশটির দ্বিতীয় বৃহত্তম শহর সেন্ট পিটার্সবার্গে। শুক্রবার সেই সম্মেলনে দেওয়া বক্তব্যে এই তথ্য নিশ্চিত করে পুতিন বলেন, যুক্তরাষ্ট্র ও তার মিত্রদের সতর্কবার্তা দিতেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে।



সম্মেলনে উপস্থিত অতিথিদের উদ্দেশে পুতিন বলেন, ‘আপনারা ইতোমধ্যে জানতে পেরেছেন যে আমাদের মিত্র দেশ বেলারুশে কৌশলগত পারমাণবিক অস্ত্র মোতায়েনের জন্য (বেলারুশের) প্রেসিডেন্ট আলেক্সান্দার লুকাশেঙ্কোর সঙ্গে আমাদের আলোচনা চলছিল। আজ আমি আপনাদের বলতে চাই- আমরা বেলারুশে পারমাণবিক অস্ত্রের প্রথম চালান পাঠিয়েছি।’ ‘বেলারুশে আমরা যতগুলো পারমাণবিক অস্ত্র মোতায়েনের পরিকল্পনা নিয়েছি, আপাতত তার প্রথম চালান সেখানে পাঠানো হয়েছে। তবে আমরা আশা করছি, এই গ্রীষ্ম বা চলতি বছরের শেষ নাগাদ পরিকল্পনা অনুযায়ী সব অস্ত্র আমরা মোতায়েন করতে পারব।’ প্রসঙ্গত, ইউক্রেন ও রাশিয়ার মধ্যে পাল্টাপাল্টি হামলা যখন তুঙ্গে, সে সময়েই বেলারুশে এই কৌশলগত পারমাণবিক অস্ত্র মোতায়েনের খবর পাওয়া গেল। আগের দিন গত বৃহস্পতিবার রাশিয়ার রাষ্ট্রায়ত্ত একটি টেলিভিশন চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে বেলরুশের প্রেসিডেন্ট আলেক্সান্দার লুকাশেঙ্কো জানিয়েছেন, রাশিয়া যেসব পারমাণবিক অস্ত্র মোতায়েন করার ঘোষণা দিয়েছিল, সেগুলো ইতোমধ্যে আসতে শুরু করেছে। সাক্ষাৎকারে লুকাশেঙ্কো আরও জানান, রাশিয়ার কৌশলগত পারমাণবিক অস্ত্রগুলো স্বল্পপাল্লার এবং যুদ্ধক্ষেত্রে ব্যবহারের উপযোগী। এই বোমাগুলোর ধ্বংসাত্মক ক্ষমতাও ব্যাপক।

## বিনোদন



# রুনা খানের নতুন চমক

**বিনোদন ডেস্ক :** সম্প্রতি শারীরিকভাবে আকর্ষণীয় ফিগারে হাজির হয়ে চারদিকে হইচই ফেলে দিয়েছেন অভিনেত্রী রুনা খান। নতুন রুনাকে দেখে মুগ্ধ হচ্ছেন সবাই। এই অভিনেত্রীর নতুনভাবে ধরা দেওয়ায় তাকে নিয়ে নতুন করে আলোচনা তৈরি হয়েছে। আসছে ঈদে তিনি হাজির হতে যাচ্ছেন নতুন চমক নিয়ে। কিংবদন্তি নির্মাতা ঋত্বিক ঘটকের ‘মেঘে ঢাকা তারা’ সিনেমার প্রেরণায় নির্মিত হয়েছে ‘বড়মেয়ে’ নাটক। এতে নাম ভূমিকায় দেখা যাবে রুনা খানকে। এ চরিত্রের মাধ্যমে তিনি তার অনুগারীদের চমক দেখাবেন বলে আশা করা যাচ্ছে। পিকক এন্টারটেইনমেন্টের ব্যানারে লিমন আহমেদের রচনায় নাটকটি নির্মাণ করেছেন শাহজাদা ইসলাম শায়খ। গত শুক্রবার উত্তরায় এ নাটকের শুটিং শুরু হয়। নাটকটিতে অভিনয় প্রসঙ্গে রুনা খান বলেন, ‘দারুণ একটি গল্পে কাজ করছি। সংসারের জন্য বড় সন্তান বিশেষ করে বড়মেয়েদের যে স্যাক্রিফাইস, মমতা সেই চিত্র এ নাটকে ফুটে উঠবে। পাশাপাশি দেখা যাবে সব ত্যাগ করে সংসার আগলে রাখা বড়মেয়ের সঙ্গে পরিবারের সদস্যদের নির্মম ব্যবহার ও অনুশোচনার গল্প। তিনি আরও বলেন, আমার বিশ্বাস এ নাটকটি সবশ্রেণির দর্শকের হৃদয়ে দাগ কাটবে এবং এবারের ঈদে সেরা নাটক হবে। ভালো একটি স্ক্রিপ্ট পেয়েছি, পরিচালক শাহজাদা ইসলাম শায়খের টিমটাও গোছানো।

# বিগ বসের নতুন সিজনে সালমান খান

**বিনোদন ডেস্ক :** বলিউডের ভাইজানর খ্যাত সালমান খান ওটিটি প্ল্যাটফর্মে ফিরছেন ‘বিগ বস’-এর নতুন সিজন দিয়ে। গতকাল শনিবার থেকে জিও সিনেমায় ‘বিগ বস’-এর নতুন সিজন শুরু হয়। গত শুক্রবার এই গেম শোয়ের অভিনব প্রচার করেছেন সালমান। ২০১০ সাল থেকে টেলিভিশনে ওই গেম-শো-এর একের পর এক সিজন সম্প্রচারিত হচ্ছে, দর্শকদের মধ্যে জনপ্রিয়তাও পেয়েছে এই সিজন। তবে সদ্য এ গেম-শোটি ওটিটি প্ল্যাটফর্মে সম্প্রচারিত হওয়া শুরু হয়েছে। এর প্রথম সিজনের সঞ্চালনা করেছিলেন করণ জোহর। আর এই সিজনে সঞ্চালকের ভূমিকায় সালমানকে দেখা যাবে। এই শো-টি গতকাল শনিবার রাত ৯টার সময় নিয়মিত প্রিমিয়ার হয় জিও সিনেমাতে। এরপরে যে কোনো সময়েই জিও সিনেমাতে দেখা যাবে সিজনগুলো। এখনো পর্যন্ত প্রকাশ্যে আসেনি সমস্ত প্রতিযোগীদের নাম।



তবে এরইমধ্যে কিছুকিছু প্রতিযোগীর ভিডিও সামনে এসেছে। তাদের মধ্যে রয়েছেন আলিয়া সিদ্দিকি, আকাঙ্ষা পুরী, ফলক নাজ, জিয়া শঙ্কর, মণীষা রানি, পুনীত ও পলক পুরসয়ানি। এই শো-এর প্রোমোতে দেখা যাচ্ছে, বলা হচ্ছে যে এবার এতটাই লড়াই হবে যে দর্শকদের সাহায্য লাগবে। এই ট্যাগলাইন দেখে অনেকেই মনে করছেন, হয়তো এবার দর্শকরা আরও বেশি করে অংশগ্রহণ করতে পারবেন এই শো-তে। এই শো সম্পর্কে সালমান খান বলছেন, ‘ভারত সবসময় চায় না থামার মতো এন্টারটেনমেন্ট। আর বিগবস ওটিটি সেটাই দেবে বলে আমার বিশ্বাস। এই সিজনটা অনেক বেশি খোলামেলা আর ফিল্টার ছাড়া হতে চলেছে ঠিক আমার মতোই। এই শো-টা আর আমি হলাম ‘রাম মিলায়ে জোড়ি’। আমার মনে হয়, ইতিহাসে এর আগে এমন কোনো শো কখনো হয়নি। এবার দর্শক শুধু দেখবে বিনোদন আর বিনোদন। অধীর আগ্রহে বিগ বসের ঘরের যাবতীয় নাটক দেখার অপেক্ষা।’ আশা করা হচ্ছে প্রতিবারের মতো এবারও সালমান ভক্তরা প্রতিটি শো ভীষণভাবে উপভোগ করবেন।



# ছাড়পত্র পেলো ‘সুড়ঙ্গ’ ও ‘প্রহেলিকা’

**বিনোদন ডেস্ক :** ঈদকে কেন্দ্র করে সিনেমা মুক্তি পাওয়াটা যেন ঈদের আনন্দকে দ্বিগুণ বাড়িয়ে দেয়। সে জন্য নির্মাতা,প্রযোজক এবং কলাকুশলীদের মধ্যেও থাকে প্রস্তুতি। এবারের ঈদুল আজহায় মুক্তির অপেক্ষায় রয়েছে আলোচিত দুটি সিনেমা ‘সুড়ঙ্গ’ ও ‘প্রহেলিকা’ সিনেমা। ইতোমধ্যে দুটি সিনেমাই আনকাট সেন্সর ছাড়পত্র পেয়েছে। খবরটি নিশ্চিত করেছেন সেন্সর বোর্ডের সদস্য, প্রযোজক খোরশেদ আলম খসরু। সিনেমা দুটি দেখে বোর্ড সদস্যরাও মুগ্ধ, জানান খসরু। আজ রোববার ‘সুড়ঙ্গ’ ও ‘প্রহেলিকা’ সিনেমা সংশ্লিষ্টদের হাতে সেন্সর সার্টিফিকেট পৌঁছানোর কথা রয়েছে। ‘সুড়ঙ্গ’ নিয়ে খসরু বলেন, ‘খুবই চমৎকার একটি ছবি। একদমই ভিন্ন ঘরানার। দর্শকদের হলে বসিয়ে রাখার মতো একটি সিনেমা। নির্মাতা দারুণ মুনশিয়ানা দেখিয়েছেন এতে। আর আফরান নিশো দুর্দান্ত অভিনয় করেছে। আমার কাছে মনে হয়েছে, দর্শকরা বড় পর্দায় তাকে ব্যাপকভাবে গ্রহণ করবে।’ ‘সুড়ঙ্গ’ নির্মাণ করেছেন রায়হান রাফী। এর মাধ্যমে বড় পর্দায় অভিষেক ঘটতে যাচ্ছে ছোট পর্দার তারকা আফরান নিশোর। তার সঙ্গে আছেন তমা মির্জা।

# অভিনয় ছেড়ে দিচ্ছেন কাজল!

**বিনোদন ডেস্ক :** দক্ষিণের অন্যতম জনপ্রিয় অভিনেত্রী কাজল আগারওয়াল। ২০০৭ সালে ‘লক্ষ্মী কল্যাণম’ চলচ্চিত্র দিয়ে অভিনয়ে আত্মপ্রকাশের পর তিনি এ পর্যন্ত অন্তত ৫৫টি চলচ্চিত্রে অভিনয় করেছেন। তিনি মাগাধীরা, ডার্লিং, বৃন্দাবনম, মিস্টার পারফেক্ট, জিলা, থুপাক্কির মতো আরও অনেক সুপারহিট সিনেমার জন্য পরিচিত। কাজ করেছেন ভারতের শীর্ষ সুপারস্টারদের সাথে। তবে হঠাৎ করেই একটি গুঞ্জন শোনা যাচ্ছে যা কাজল ভক্তদের জন্য অত্যন্ত দুঃসংবাদই বটে। একটি সাম্প্রতিক প্রতিবেদনে বলা হয়েছে যে অভিনেত্রী সিনেমা ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন! প্রতিবেদন অনুসারে, কাজল আগরওয়াল অভিনেত্রী হিসেবে তার ক্যারিয়ার ছেড়ে দেওয়ার পরিকল্পনা করছেন। তিনি নন্দামুরি বালাকৃষ্ণের সাথে তার আসন্ন সিনেমা ‘ভগবন্ত কেশরী’ এবং কমল হাসানের সঙ্গে ‘ইন্ডিয়ান ২’-এর শুটিং শেষ করার পরে ফিল্ম ইন্ডাস্ট্রি থেকে বিদায় নেওয়ার সিদ্ধান্ত নিতে যাচ্ছেন বলে জানা গেছে। শোনা যাচ্ছে, কাজল তার সন্তান নীলের জন্য এই বড় সিদ্ধান্ত নিয়েছেন। জানা গেছে, অভিনেত্রী তার কাজের কারণে নিজের সন্তানকে সময় দিতে পারছেন না। তাই চলচ্চিত্র থেকে নিজেকে দূরে রাখার সিদ্ধান্ত নিয়েছেন। তিনি তার সন্তানের জন্য তার চলচ্চিত্র ক্যারিয়ারের ইতি টানতে যাচ্ছেন। তবে তিনি ইন্ডাস্ট্রি থেকে পুরোপুরি বিদায় নেবেন নাকি বিরতি নেবেন, তা জানা যায়নি। এদিকে গত বৃহস্পতিবার কাজল আগরওয়ালের একটি টুইট তার ভক্তদের অনেকটাই হতবাক করে দিয়েছে।

